Nothing seems to stand still. Even the art moves, paraded on the back of the city's sea of rickshaws. Dhaka exudes a rich cultural heritage.



**D**haka is more than just a city. It welcomes everyone with open arms. The city has its own set of charms. It is brimming with energy. Millions of individual pursuits constantly churn together into a frenzy of collective activity – it is an urban melting pot bubbling over. Nothing seems to stand still. Even the art moves, paraded on the back of the city's sea of rickshaws. Dhaka exudes a rich cultural heritage with buildings, places and people making it an attractive city to explore.

### Myriad city moods

It does not matter how many times you visit this city, the sensation of being utterly overwhelmed is always present. Sights and experiences come at you so thick and fast that it would take a lifetime to know this mega-city's every mood. A day can be spent alternating between the riverbanks of Old Dhaka and the swish restaurants of Gulshan seeing the unique characters of this part of the world. We cannot guarantee you'll fall for Dhaka's many charms, but sooner or later you will start to move to its beat, and when that happens, Dhaka stops being a unknown ride. It starts becoming a cauldron of art and intellect, passion and poetry, love and much more. Whatever happens, this is one fairground ride you will never forget.

It is said that a river or sea adjoining a city adds life. Sadarghat river port proves that point. On the banks of River Buriganga, one must connect with the amazing scenes of life. Stretch your vision and boats of different kinds will be seen all around. The paddle steamer service available here was introduced during the colonial period. The river connects to many towns on its route.

### Interesting places to visit

Dhaka is a big city and within a short span of time, you can see a few places. One is home to a

*We cannot guarantee you'll fall for Dhaka's many charms, but sooner or later you will start to move to its beat, and when that happens, Dhaka stops being a unknown ride. It starts becoming a cauldron of art and intellect, passion and poetry, love and much more. You will never forget this experience.*



**ঢ**াকা নিছক একটি শহর নয়। সবার জন্য উদ্বাহ অপেক্ষা করে এটি। সবার মতো এ শহরেরও রয়েছে একান্ত নিজস্ব কিছু মুগ্ধতা। শহরটি যেন প্রাণচাঞ্চল্যে উদ্বেলিত হয়ে থাকে সর্বক্ষণ। লাখ লাখ স্বতন্ত্র কাজকর্ম যেন প্রতিনিয়ত একত্র হয়ে তৈরি করে এক সামষ্টিক উন্মত্ততা। কিছুই দাঁড়িয়ে থাকার নয়। এমনকি শহরের রাস্তায় রিকশার সমুদ্রে ভর করে শিল্পকলাও ঘুরে বেড়াচ্ছে বেশ। পুরনো ভবন, স্থান আর মানুষ; সবমিলিয়ে ঢাকা থেকে যেন সাংস্কৃতিক ঐতিহ্য চুইয়ে পড়ছে যা একে তৈরি করেছে অনুসন্ধানযোগ্য এক শহরে।

### শহরের আমেজ

শহরটিতে আপনি কতবার বেড়াতে এসেছেন, সেটা বড় কথা নয়; দারুণভাবে আবিষ্ট হয়ে থাকার অনুভূতিটা আপনাকে সবসময়ই গ্রাস করবে। এখানকার দৃশ্য ও অভিজ্ঞতাগুলো আপনার সামনে এতটা ঘন আর দ্রুত আসতে থাকবে যে এক জীবনে এই মেগা-সিটির সমস্ত মেজাজ-মর্জি ধরে ফেলা সম্ভব হবে না। পুরান ঢাকার পাশে নদীর তীরে খানিকটা সময় কাটানো থেকে শুরু করে গুলশানের কোনও এক রেস্টোরাঁয় খানাপিনা; দুনিয়ার অনন্য হয়ে থাকা এ শহরটিতে একটা দিন এভাবেই এপার-ওপার করে কাটিয়ে দেওয়া যায়। ঢাকার সবকিছুতেই আপনি মুগ্ধ হয়ে যাবেন, এমন গ্যারান্টি হয়তো দিতে পারবো না, তবে আগে হোক পরে হোক, আপনিও ঢাকার সঙ্গে তাল মিলিয়ে চলতে শুরু করে দেবেন। আর এমনটা যখন ঘটবে, তখন আর ঢাকাকে অপরিচিত ঠেকবে না। শহরটাকে মনে হবে শিল্প ও বুদ্ধিমত্তা, আবেগ ও কবিতা, ভালোবাসা ও আরও অনেক কিছুর এক অতিকায় মিলনমেলা। যাই হোক, এই মেলাময় ভ্রমণ আপনি কখনই ভুলতে পারবেন না।

### যেখানে না গেলেই নয়

ঢাকা আক্ষরিক অর্থেই অনেক বড় শহর আর অল্প সময়ে আপনি অল্প কিছু জায়গাই দেখতে পাবেন। এর মধ্যে একটা হলো তিনশ







300-year-old market, Shankaria Bazaar. It is known for its vibrant splash of colours, craziness and cacophony. Numerous crafts can be seen through tiny workshops tucked away in narrow alleyways. Look out for kite makers, jewellers, tombstone engravers and artists painting various images. Shankaria Bazaar is in Old Dhaka, a 10-minute walk northwest of the Sadarghat Boat Terminal.

Nonetheless, a visit to the new market is essential if you are searching for jewellery, bookshops, ready-made garments, household items, etc. Established during the 1950s, it was the oldest one-stop shopping complex housing fresh fish, fruits, meat and vegetables. This market is said to be the best source for fresh produce among Bangladesh's affluent society. There are even modern markets and shopping complexes in the city to explore.

The city is culturally vibrant and has had its share of royalty. To the south of Shankaria Bazaar is Ahsan Manzil on Ahsanullah Road, also known as the Pink Palace. This is an apt place to relax and spend some quality time as cultural events are sometimes held in the gardens. Here you can also witness how the Bangladeshi elite used to live. This palace was once home to the wealthy Dhaka Nawab family. The building is full of grand ballrooms, snooker halls and river-view bedrooms. It also offers a good spot to sit quietly and get away from the riverside mayhem. Now a museum, it gives an insight about



## LEGENDS SAY THAT DHAKA GOT ITS NAME FROM DHAKESWARI TEMPLE THAT DATES BACK TO THE 11<sup>th</sup> CENTURY

বহুরের পুরনো শাঁখারি বাজার। এখানে আছে রঙের ছড়াছড়ি, সৃষ্টিশীল চর্চার পাগলামী আর ছল্লোড়। কত সুরু গলি, তার ভেতরে আরও সুরু দোকান, তাতে সাজিয়ে রাখা আছে অগণিত হস্তশিল্প। ঘুড়ির বাজার, অলংকার, কষ্টিপাথরের নকশাকার এবং আরও কত শিল্পী যে কত ছবি আঁকছে এখানে তার ইয়ত্তা নেই। সদরঘাট টার্মিনাল থেকে উত্তর-পশ্চিমে এই শাঁখারি বাজার মাত্র দশ মিনিটের হাঁটাপথ দূরে।

আপনি যদি অলংকার, বইয়ের দোকান, তৈরি পোশাক, গৃহস্থালী পণ্য সব এক ছাদের তলায় পেতে চান, তবে নিউমার্কেটে যাওয়াটা অবশ্যকর্তব্য। ১৯৫০ সালে বানানো এই বাজারটিই ঢাকার সবচেয়ে পুরনো ও সম্পূর্ণ বাজার ভবন। তখনকার মতো এখনও এখানে পাওয়া যায় তাজা মাছ, ফল, মাংস ও শাকসবজি। আর সমগ্র বাংলাদেশের মধ্যে এখানেই নাকি সবচেয়ে তাজা জিনিসপত্র পাওয়া যায়। অবশ্য শহরটিতে ঘুরে দেখার মতো আরও আধুনিক আর শপিং কমপ্লেক্সও আছে।

সাংস্কৃতিকভাবেও এ শহরে নেই রঙের অভাব। এ অঙ্গনে রাজকীয়তায় ভাগ বসিয়েছে ঢাকাও। শাঁখারি বাজারের দক্ষিণে আহসানুল্লাহ সড়কের পাশে আছে আহসান মঞ্জিল, গোলাপী প্রাসাদ নামেও যা পরিচিত। অবকাশ কাটানোর জন্য অনেকেই এখানে ঘুরতে আসে। সময়টাকে উসুল করিয়ে দিতে এর সামনের বাগানে প্রায়শই জমে ওঠে সাংস্কৃতিক অনুষ্ঠানের আসর।

**QUICK  
TAKES**

### Secrets of Ahsan Manzil

- Situated on Ahsanullah Road, Ahsan Manzil is also known as the Pink Palace
- An apt place to relax and spend quality time
- Palace was once home to the wealthy Dhaka Nawab family
- Cultural events are held in the gardens
- Provides key insight into lives of Bengal rulers



*On the banks of River Buriganga, one must connect with the amazing scenes of life. Stretch your vision and boats of different kinds will be seen all around. The paddle steamer service available here was introduced during the colonial period. The river connects to many towns on its route.*

the life of Bengal rulers during the British Raj. It is a must visit place in Dhaka.

Established in 1921, Dhaka University is the oldest university in the country. Surrounded by lush beautiful grounds, it has libraries, art galleries and cafés, and is a great spot to take a book or chat with the friendly students looking to practice their English.

Lalbagh Fort is also something to look out for. Established in 1678, the building remains as an outstanding monument among many. It has a small three-domed elegant mosque, the mausoleum of Bibi Pari. When the fort was built, the river Buriganga used to flow quite close to the Lalbagh fort to the south.

Historically, Dhaka has always welcomed people. Looking at its history, the Armenian Church holds much importance. It is believed that in the 17th century, Armenians came to Dhaka and families started relocating themselves to the older part of the city. Later, this place came to be known as Armanitola. Built in 1781, the church has a balcony with wooden seating available for 100 people. One can also include Dhakeswari temple in the itinerary. It is the oldest Hindu temple in Dhaka dating back to the 11<sup>th</sup> century. According to legends, the word 'Dhaka' came from the name of this temple where followers throng everyday in large numbers.

বাংলাদেশের অভিজাত শ্রেণির মানুষগুলো কিভাবে চলতো, এখানে সেটা দেখতে পাবেন। কেননা, এই প্রাসাদটি ছিল ঢাকার এক ধনী নবাব পরিবারের বাড়ি। বড় রাজকীয় বলরুম, খেলা ঘর এবং রিভার-ভিউ শয়নকক্ষে পরিপূর্ণ এ প্রাসাদ। নদীর তীরের কোলাহল থেকে এক পশলা অবসর পেতে এখানে নিরিবিলাি বসার জায়গাও পাবেন। জাদুঘরটি আপনাকে এও জানিয়ে দেবে, ব্রিটিশ শাসনামলে বাংলার শাসকদের জীবনাচার ঠিক কেমন ছিল। ঢাকায় এলে এ জায়গাটা কিছুতেই না দেখে থাকা যাবে না।

১৯২১ সালে স্থাপিত ঢাকা বিশ্ববিদ্যালয় হলো দেশের সবচেয়ে পুরনো বিশ্ববিদ্যালয়। দৃষ্টিনন্দন সবুজ বেষ্টিত এই বিশ্ববিদ্যালয়ে রয়েছে পাঠাগার, আর্ট গ্যালারি ও ক্যাফে। আশপাশে মিলবে ঘুরে বেড়ানো ও বই পড়ার আদর্শ জায়গা। অথবা ইংরেজিতে কথা বলাটা প্র্যাকটিস করতে চায়, এমন ছাত্রদের সঙ্গে আলাপচারিতায়ও মেতে উঠতে পারেন।

লালবাগ কেল্লাটাই বা বাদ পড়বে কেন? ১৬৭৮ সালে স্থাপিত এ ভবনটি এখনও অনেকের চোখে অনবদ্য এক স্থাপনা। তিনটি ছোটখাট গম্বুজ আকৃতির মসজিদ ও পরীবিবির সমাধি আছে এখানে। কেল্লাটি যখন তৈরি করা হয়, তখন এর দক্ষিণে খুব কাছ ঘেঁষেই বয়ে যেত বুড়িগঙ্গা নদী।

ঐতিহাসিকভাবেই মানুষকে কাছে টেনে আসছে ঢাকা। ইতিহাসের দিকে চোখ রাখলে দেখা যাবে, আমেরিকান গীর্জা এখানে বেশ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল। ধারণা করা হয় সপ্তদশ শতকের দিকে বেশকিছু আরমেনিয়ান পরিবার ঢাকায় আসে এবং তারা সবাই পুরান ঢাকার একটি অংশে বসবাস করতে শুরু করে। পরে ওই অংশের নাম হয় আরমানিটোলা। ১৭৮১ সালে নির্মিত এ গীর্জায় রয়েছে একটি ব্যালকনি, যাতে বসতে পারবে শতানেক লোক। ভ্রমণতালিকায় রাখতে পারেন ঢাকেশ্বরী মন্দিরের নামও। একাদশ শতকে তৈরি এ মন্দিরটি ঢাকার সবচেয়ে পুরনো মন্দির। বলা হয় যে 'ঢাকা' নামটাই এসেছে এই মন্দির থেকে, যেখানে প্রতিদিন বিপুল সংখ্যক অনুসারী এসে ভিড় জমায়।

Powered by Citycell



**With Hi-Speed Internet  
& Nationwide Network  
we are beside you as always**

Helpline: 121, 011 99 121 121 | [www.citycell.com](http://www.citycell.com) | [www.facebook.com/citycell](http://www.facebook.com/citycell)

Zoom  
**Ultra**

# Picture perfect

Abu Dhabi has many landmarks which decorate the landscape telling an endless story

নিখুঁত ভূদৃশ্য

আবু ধাবির আনাচে-কানাচে ছড়িয়ে আছে অসংখ্য স্থাপত্য। আর ভূদৃশ্য সাজিয়ে তোলা এসব স্থাপত্য আপনাকে শুনিয়ে দেবে অবিরাম গল্প




Get spellbound by the picturesque Al Jahili Fort, one of the UAE's most historic buildings. An Al Ain landmark, the fort has been carefully restored. It now houses a permanent exhibition of the work of British adventurer Sir Wilfred Thesiger.

আবু ধাবির দৃষ্টিনন্দন আল জাহিলি কেল্লার নান্দনিকতা উপভোগ করুন আর মুগ্ধতার জগতে হারিয়ে যান। আল আইন-এর এই মাইলফলকটিকে বেশ যত্নের সঙ্গে পুনরুদ্ধার করা হয়েছে। এখন এখানে ব্রিটিশ অভিযাত্রিক স্যার উইলফ্রেড থেসিগারের নানান কাজকর্মের প্রদর্শনী চলছে।



Visitors get the first glimpse of this 200-year-old Al Maqta Fort as they approach Al Maqtaa Bridge towards Abu Dhabi Island. The fort was built to fend off bandits and provides a wonderful contrast to the modern bridge next to it.

আবু ধাবি দ্বীপের আল মাখতা সেতুর কাছাকাছি আসতেই পর্যটকরা ২০০ বছরের পুরনো আল মাখতা কেল্লার এক ঝলক দেখতে পাবে। ডাকাতিদের হাত থেকে নিরাপত্তার জন্যই এই কেল্লা বানানো হয়েছিল। তবে এখন এর পাশে থাকা আধুনিক সেতুটির সঙ্গে এর বৈপরীত্যটা বেশ আকর্ষণীয় লাগে।



Using henna to decorate the skin is popular with female visitors to Abu Dhabi. Generally, Arabic henna features large, floral patterns and this form of body art is painless and washes off in a week.

আবু ধাবিতে আসা নারী পর্যটকদের কাছে মেহেন্দী দিয়ে হাত রাঙানোটা খুব জনপ্রিয়। সাধারণত, আরবে প্রচলিত মেহেন্দীর নকশাগুলো কিছুটা বড় আকৃতির ফুলেল নকশা হয়ে থাকে। আর এই 'ট্যাটু' লাগানোতে একদমই ব্যথা নেই এবং এক সপ্তাহের মধ্যেই চাইলে ধুয়ে ফেলা সম্ভব।



 Sheikh Zayed Mosque is one of the world's largest mosques, with a capacity to accommodate 40,000 worshippers. It features 82 domes, over 1,000 columns, 24 carat gold gilded chandeliers and the world's largest hand knotted carpet.

বিশ্বের সবচেয়ে বড় মসজিদগুলোর একটি হলো শেখ জায়েদ মসজিদ। একসঙ্গে ৪০ হাজার মানুষ এখানে নামাজ পড়তে পারে। ৮২টি গম্বুজ ও ১০০০টিরও বেশি স্তম্ভ আছে এতে। আছে ২৪ ক্যারেট লোনায়ে মোড়ানো ঝাড়বাতি এবং বিশ্বের সবচেয়ে বড় হাতে বোনা কার্পেট।

📍 Corniche Road spreads across an impressive 8 km of manicured waterfront, clocking almost 30,000-50,000 visitors every month. It has three separate sections for families, singles and general public. It has been awarded the coveted Blue Flag status.

---

আবু ধাবির ক্রনিশ রোডটি আট কিলোমিটার দীর্ঘ। পুরো পথজুড়ে আছে সাজানো গোছানো বারনা। প্রতি মাসে যা দেখতে আসে ৩০,০০০ থেকে ৫০,০০০ দর্শক। তিনটি বিভাগ আছে এ সড়কে- পরিবার, অবিবাহিত ও সাধারণ জনগণ। সম্মানসূচক ব্লুফ্যাগ খেতাব জিতেছে এই সড়ক।





☞ The serving of traditional Arabic coffee (ghahwa) is a social ritual. Local coffee comes blended with cardamom and saffron, served in tiny, handle-less cups.

প্রথাগত আরব কফি (ঘাওয়া) পান করাটা এখানে একটি সামাজিক আচার। স্থানীয় কফিটাকেই পরিবেশন করা হয় এলাচ ও জাফরান সহকারে। এর ছোট কাপটিতে থাকে না কোনও হাতল।



Biman connects Dhaka-Abu Dhabi with five weekly flights via Chittagong. ([www.biman-airlines.com](http://www.biman-airlines.com))

☞ Sir Bani Yas is a destination alive with wildlife and adventure activities, a 5-star boutique hotel, luxury villas, purpose-built stables and historical sites. It is one of the eight which make up the Desert Islands in Al Gharbia.

স্যার বনি ইয়াস হলো একটি প্রকৃতি বেষ্টিত ভ্রমণগন্তব্য। বুনোপ্রাণী আর রোমাঞ্চকর অভিযাত্রার হাতছানিওয়ালা এই পাঁচ তারকাখচিত ছোট হোটেলটিতে আছে বিলাসি ভিলা, বিশেষ উদ্দেশ্যে নির্মিত আস্তাবল ও ঐতিহাসিক নিদর্শন। মরুদ্বীপ আল গ্যারবিয়াকে রমনীয় করে তোলা আটটি স্থাপনার মধ্যে এটিও একটি।

☞ Wadi Adventures is a man-made whitewater rafting, kayaking and surf facility at the foothills of Jebel Hafeet. The park's 3.3 m man-made surf wave is world's largest, and its 1.7 km kayaking channel network is the world's longest.

ওয়াদি অ্যাডভেঞ্চারস হলো জেবেল হাফিত পাহাড়ের পাদদেশে তৈরি একটি মানুষের বাননো ওয়াটার র্যাফটিং, কаяকিং ও সার্ফ করার স্থান। এখানকার ৩.৩ মিটার উঁচু মানবসৃষ্ট সার্ফ-এর ঢেউটি হলো সবচেয়ে উঁচু এবং ১.৭ কিলোমিটার কаяকিং করার জন্য বিশ্বের সবচেয়ে লম্বা চ্যানেল।

# Escape to Kathmandu

Perched atop the mighty Himalayan range, Kathmandu guarantees to mesmerise you with its cultural, historical and gastronomical offerings

By: Ramya JS D'Rozario



## কাঠমান্ডুৰ ভ্ৰমণে

বিশাল হিমালয়ৰ পৰ্বতসীমাৰ উঁচুতে আসীন কাঠমান্ডু নিভুতে  
প্ৰতিশ্ৰুতি দিয়ে চলেছে - এখানকাৰ সাংস্কৃতিক, ঐতিহাসিক ও  
ৰক্ষণশৈলী আপনাকে বিমোহিত কৰে রাখবেই

**I**ntricately carved temples, flapping Buddhist prayer flags, taxis whizzing past you down narrow winding streets, Kathmandu takes charge of you upfront. Capital of Nepal, Kathmandu is 1,350 m above sea level. It is a city where its historical past seamlessly blends with the present. Along with its sister cities, Lalitpur Patan and Bhaktapur have been labelled together as 'Kathmandu Valley-UNESCO World Heritage Site'.

### Past Glory

Kathmandu Valley's location was always geographically significant since it was situated on the trade route connecting India and China. Its architecture and monuments have been heavily influenced by both Hinduism and Buddhism.

Located in the old part of Kathmandu, Durbar Square represents the traditional side of the city. An area of palaces, there are heritage buildings from the earlier kingdoms in Nepal, the earliest being the Licchavi Dynasty. It is best to put on walking shoes and wander around the terraced platforms. The inner part of the square houses the Hanuman Dhoka, a complex of palatial structures where the royal family had stayed till 1886.

# নি

খঁত কায়দায় বাঁকানো মন্দির, বৌদ্ধদের সদা কম্পমান প্রার্থনার পতাকা, সরু রাস্তায় পাশ দিয়ে দ্রুতবেগে চলে যাওয়া ট্যাক্সি; কাঠমাডু আপনাকে উঁচুতে তুলে রাখবেই। সমুদ্রপৃষ্ঠ থেকে ১৩৫০ মিটার উঁচুতে নেপালের রাজধানী কাঠমাডু। এটা এমন একটা জায়গা যার ঐতিহাসিক অতীতের সঙ্গে বর্তমানের মিশেল ঘটেছে মসৃণভাবে। ললিতপুর পাটান ও ভক্তপুর এই দুই উপশহরকে সঙ্গে নিয়েই ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্যে নাম লিখিয়েছে “কাঠমাডু উপত্যকা”।

### অতীতের জৌলুস

ভারত ও চীনের বাণিজ্য রুটের মধ্যে পড়ায় কাঠমাডু উপত্যকা সবসময়ই ভৌগলিকভাবে গুরুত্বপূর্ণ ছিল। এর স্থাপত্যকলা ও ভাস্কর্যগুলো হিন্দুত্ববাদ ও বৌদ্ধ ধর্ম দুটো দ্বারাই দারুণভাবে প্রভাবিত।

কাঠমাডুর পুরনো অংশে অবস্থিত দরবার স্কয়ারটি এখনও শহরের প্রথাগত অংশগুলোকে আঁকড়ে আছে। এটাকে বলা যায় প্রাসাদের অঞ্চল। নেপালের আগেকার সাম্রাজ্যের নানান ঐতিহাসিক ভবন রয়েছে এখানে। এর মধ্যে সবচেয়ে পুরনোটি হলো লিচ্ছাবি সাম্রাজ্য। সবচেয়ে ভাল হয় যদি আপনি হেঁটে এখানকার উঁচু চত্বরগুলো ঘুরে দেখেন। স্কয়ারের ভেতরের অংশে রয়েছে ‘হনুমান ধোকা’, জটিল ঘরানার এই রাজকীয় স্থাপনাটিতে ১৮৮৬ সাল পর্যন্ত নেপালের রাজপরিবার বাস করেছিল। কাঠমাডুর অন্যতম জনপ্রিয় মন্দিরটি হলো কাঠমন্ডপ। শহরের নামও এসেছে এ মন্দির থেকে। ১৬ শতকের সময়কার প্যাগোডার অনুকরণে নির্মাণ করা হয় এই মন্দির। আরেকটি জনপ্রিয় মন্দির হলো পশুপতিনাথ মন্দির, দেবতা শিবের জন্য এটি উৎসর্গীকৃত। এটাও প্যাগোডা স্টাইলে ঘনক আকৃতিতে



### Pottery making at Bhaktapur

Among Bhaktapur's many legacies is pottery, a cottage industry and family occupation for those who stay in the area called 'Pottery Square' within Bhaktapur Durbar Square premises. The spot is among the major tourist attraction. One can even opt for pottery-making workshops wherein one can get a hands-on experience of this ancient art. So one can make piggy banks, water jugs, clay cups, bowls, idols, etc.



Image: Arijun Rai



### ESSENCE

Situated 1,350 m above sea level in the Himalayan range, Kathmandu is a city where its historical past seamlessly blends with the present.

Kasthamandap is one of the prominent temples in Kathmandu, it is also the origin of the city's name. The temple is built in the pagoda style from the 16<sup>th</sup> century. Pashupatinath Temple is another famous Hindu temple dedicated to Lord Shiva. Also built in a pagoda style with cubic architecture, the temple is grand with its four main doors covered with silver sheets.

Among the prominent Buddhist sites, Boudhanath and Swayambhu attract numerous tourists. The latter has a large stupa, spherical in shape that seems to glisten like gold at night when illuminated in yellow light.

### Gear up for adventure

Kathmandu is often the ground zero for a number of trekking and camping trips. Various groups offer a variety of itineraries and some even customise it to suit your needs. The landscape is known for its rugged appeal, providing a cold terrain for man to conquer. Trek past deep

*Thamel is a tourist district, often looked upon as a 'ghetto'. A haven for low-budget travellers, it is a full Wi-Fi zone. The epicentre for tourists, its narrow streets are outlined by the many shops that house travel agents, budget hotels, restaurants, etc. There are even boutique cafes and craft shops that bring about an old world charm.*



নির্মিত। চারটি প্রধান ফটকে ঝোলানো রুপার চাদর মন্দিরটিকে এনে দিয়েছে বাড়তি নান্দনিকতা।

নামকরা সব বৌদ্ধ দর্শনীয় স্থানের পাশাপাশি বিপুল সংখ্যক পর্যটককে আকর্ষণ করে চলেছে বুদ্ধনাথ ও স্বয়ম্ভু। স্বয়ম্ভুতে একটি বড় 'স্তূপা' রয়েছে, যা দেখতে গোলাকার। রাতে যখন এতে হলুদ আলো জ্বালানো হয়, তখন এটা স্বর্গের মতোই জ্বলজ্বল করে।

### অভিযানের দিকে

অনেক ধরনের ট্রেকিং ও ক্যাম্পিং ট্রিপের জন্য কাঠমান্ডুই হলো গ্রাউন্ড জিরো তথা যাত্রা শুরু করার ফলক। অনেক দল আছে যারা এ অভিযানে আপনার সামনে নানান কিছু মেলে ধরবে এবং কেউ কেউ আছে যারা আপনার চাহিদার কথা মাথায় রেখেই সমস্ত কিছু আয়োজন করবে একেবারে স্বতন্ত্র আকারে। এখানকার ভূদৃশ্যের মূল আকর্ষণটাই হলো এর কাঠিন্য। বীরদের সামনে এটি মেলে ধরবে এক শীতল ভূখণ্ড, বিজয়ের জন্য! পার হতে হবে সংকীর্ণ ও গভীর বরফাচ্ছাদিত ট্রেক, উঁচু ভূমিতে ছড়ানো সবুজ বোপঝাড়, দেখা হবে নানান মন্দির, এমনকি এর সঙ্গে চাইলে গরম পানির ঝরনাতেও ভেজনো যাবে শরীর। পুরো অভিজ্ঞতাটা যেন এককথায় অপার্থিব।

### যা খেতেই হবে

যে কোনও ভোজনরসিকের জন্যে কাঠমান্ডু বৈচিত্র্যে ভরা লোভনীয় সব খাবারের ডালি মেয়ে ধরবে। অকু





Image: Shikhar Bhatnagar

icy gorges, high altitude vegetation, visiting monasteries and even taking a dip in hot water springs. The experience is out of this world.

### Must-eat spots

Kathmandu is any food aficionado's delight as it offers a tempting combination of a variety of cuisines. For authentic Nepali cuisine, try Thakali Bhanchna for the typical Nepali Dhal Bhat where healthy and wholesome vegetarian meals are available at modest prices. You can even visit Yak Restaurant to sample the simple yet delicious Himalayan cooking. Do try the local beer accompanied with a plate of hot fried momos.

### Thamel

Thamel is a tourist district of the city, often looked upon as a 'ghetto'. A haven for low-budget travellers, this part of the city is a full Wi-Fi zone. The epicentre for tourists, its narrow streets are outlined by the many shops that house travel agents, budget hotels, restaurants, etc. There are even boutique cafes and craft shops that bring about an old world charm.

### A time to splurge

Kathmandu is a shoppers delight as one can pick up Tibetan Thangka paintings, pottery, woodcarvings, metal statues among others. Khukuri knives that are traditional knives used by Nepalese Gorkhas are also available. Silver jewellery, carpets, masks and traditional handicrafts are also some of the items one can bring back home.



Biman connects Dhaka-Kathmandu with six weekly flights ([www.biman-airlines.com](http://www.biman-airlines.com))



## SWAYAMBHU WITH A LARGE STUPA, SPHERICAL IN SHAPE, THAT GLISTENS LIKE GOLD AT NIGHT AND ATTRACTS NUMEROUS TOURISTS

ত্রিম নেপালি খাবারের স্বাদ পেতে চেখে দেখতে পারেন প্রথাগত নেপালি ডাল ভাত, যার আরেক নাম থাকালি বানছা। অসংখ্য সবজিভোজী মিল পাবেন, যার দাম একেবারে হাতের নাগালে। এ ছাড়া হিমালয়ের ঐতিহ্যবাহী সুস্বাদু সব রেসিপি'র আশ্বাদ পেতে হুঁ মারতে পারেন ইয়াক রেস্টোরাঁয়। বিয়ারের সাথে খেয়ে দেখুন গরম গরম ভাজা 'মোমো'!

### থামেল

থামেল হলো শহরটির আরেকটি পর্যটন জেলা। 'ঘেটো' তথা মহল্লা হিসেবেও রয়েছে এর নাম ডাক। কম বাজেটের ভ্রমণকারীদের জন্য এটাকে বলা হয় স্বর্গ। তবে শহরের এ অংশটি কিন্তু পুরোপুরি ওয়াই-ফাই জোন। পর্যটকদের জন্য এর উপকেন্দ্রে রয়েছে অসংখ্য সরু রাস্তা। যেগুলো ঘেঁষে দাঁড়িয়ে আছে অনেকগুলো দোকানপাট, ট্রাভেল এজেন্ট, কম খরচের হোটেল, রেস্টোরাঁ ইত্যাদি। এখানকার ছোটখাট কাফে এবং হস্তশিল্পের দোকানগুলো মুহূর্তের মধ্যে এনে দেবে এক পুরনো দুনিয়ার মুগ্ধতা।

### নতুন উদ্যমের সময়

কেনাকাটা যাদের প্রিয় তাদের জন্য কাঠমান্ডু রীতিমতো উল্লাসের জায়গা। এখানে পাওয়া যাবে তিব্বতি থাংকা চিত্রকর্ম, মৃৎশিল্প, কাঠে খোদাই করা কারুকাজ, ধাতব মূর্তিসহ আরও অনেক কিছু। নেপালি গোরখাদের ব্যবহার করা ঐতিহ্যবাহী খুখুরি ছুরিও কিনতে পাওয়া যাবে। রংপার গয়না, কার্পেট, মুখোশ এবং ঐতিহ্যবাহী অনেক হস্তশিল্প আছে এখানে, যেগুলো কোঁচড় ভরে নিয়ে যেতে পারেন বাড়িতে।

### QUICK TAKES

#### Living goddess

- In this land of gods, a pre-pubescent girl from the royal Newar Shakya clan is chosen as the 'Royal Kumari'.
- A custom dating as far back as the 17<sup>th</sup> century, the kumari is idolised and worshipped by many
- Seated in the Kumari Ghar, she dons red garments with an 'eye' painted on her forehead
- Catching a glimpse of the royal kumari is said to bring good fortune.

# In love with Bengal




By: Sanjeev Bhar

বাংলাদেশে কত লোকই না বেড়াতে আসে, কেউ কাজে, কেউ বা আসে পড়তে। তবে ভূতাত্ত্বিক নাইজেল হিউসের মতো যারা আছেন, তারা বাংলাদেশ ছেড়ে ফিরে যাওয়ার সময় পেছনে সযত্নে রেখে যান এক টুকরো হৃদয়

## বাংলার প্রেমে

There are many people who come to Bangladesh for some work or study, but like geologist Nigel Hughes they return leaving pieces of their hearts behind







**I**t would not be completely wrong to say that people come to Bangladesh with a notion of their own but return to their land leaving behind a piece of their heart right here. That is what exactly happened when geologist Nigel Hughes came here when he was just 18 years old. He recalls, "It was my first visit to Dhaka in the summer of 1982 and it was amazing. The tour happened when I was in high school. A friend who had relatives in Bangladesh involved me with some social work in Dhaka. I became interested and made my first visit that still remains a nostalgic journey. In fact, surprisingly, the airline I flew was Biman Bangladesh Airlines."

It was his first journey by air. He says, "I enjoyed flying immensely. The Biman staff were all charming. It was incredibly exciting to leave the UK by air and to arrive in what seemed to be a different world."

### Tryst with Bengal

According to Hughes, his experience with Bangladesh has been both wonderful and challenging. He narrates, "Way back then, I was staying on Eskaton Road and I could walk all over Dhaka. The area around the Sonargaon Hotel was almost like a village. People were extremely hospitable, kind, and interested in me. I was able to visit a mosque for the first time and ride on the rocket steamer down to Chandpur. We went down first class but came back in a deck passage, which was much more fun. Of course being in Bengal, I was soon asked to sing, which I love to do, but this is a very rare request in the west. I learned my first words of Bangla on the Buriganga that evening."

During the initial part of his trip to the East, he spent two weeks in Dhaka. He fell in love with Rabindra Sangeet once he heard it for the first time. He says, "I became familiar with the names

**য**দি বলা হয়, লোকে বাংলাদেশে বেড়াতে আসে নিজের ইচ্ছেতেই আর নিজের দেশে চলে যাওয়ার সময় পেছনে রেখে যায় হৃদয়ের টুকরো, তবে তা কিছুতেই বাড়িয়ে বলা হবে না। ঠিক এই ব্যাপারটিই ঘটেছিল নাইজেল হিউসের বেলায়, যিনি ১৮ বছর বয়সে প্রথম বাংলাদেশে এসেছিলেন। স্মৃতিচারণ করতে গিয়ে তিনি বললেন, "১৯৮২ সালের গ্রীষ্মে আমি প্রথম ঢাকায় এসেছিলাম। স্মৃতিটা ভোলার মতো নয়। হাইস্কুলে পড়ার সময়ই এক বন্ধু, যার আত্মীয় থাকতো বাংলাদেশে, আমাকে এখানকার কিছু সামাজিক কাজকর্ম ধরিয়ে দিয়েছিল। আমি ধীরে ধীরে আগ্রহী হয়ে পড়েছিলাম। এরপরই জীবনের প্রথম বাংলাদেশ দর্শন ঘটে, এবং আজ অন্ধি সেই ভ্রমণের কথা মনে করে আমি স্মৃতিকাতর হয়ে পড়ি। আর হ্যাঁ, অবাক করা বিষয়টা হলো যেই এয়ারলাইনে চড়ে আমি বাংলাদেশে এসেছিলাম, ওটা ছিল বিমান বাংলাদেশ এয়ারলাইনস।"

ওটাই ছিল হিউসের আকাশ পথে প্রথম ভ্রমণ। তিনি বললেন, "ভ্রমণটা আমি দারুণ উপভোগ করেছিলাম। বিমান-এর কর্মীরা সবাই বেশ মনোমুগ্ধকর ছিলেন। আকাশ পথে যুক্তরাজ্য ছেড়ে একটি সম্পূর্ণ নতুন জগতে আসাটা ছিল এক কথায় অপূর্ব এক অভিজ্ঞতা।"

### বাংলার সাথে অভিসার

হিউসের কথা মতো বাংলাদেশে তার অভিজ্ঞতাটা একইসঙ্গে চমকপ্রদ ও চ্যালেঞ্জিং ছিল। বর্ণনা দিতে গিয়ে বললেন, "ওই সময় আমি ইস্কাটন রোডে থাকতাম। গোটা ঢাকা শহরটাই হেঁটে বেড়াতে পারতাম। সোনারগাঁও হোটেলের আশপাশের এলাকাটা ছিল একেবারে গ্রামের মতো। মানুষজন ছিল বেশ অতিথিপরায়ণ, দয়ালু, আর আমাকে নিয়ে তাদের আগ্রহের কমতি ছিল না। ওই সময় জীবনে প্রথমবারের মতো একটি মসজিদ দেখার সুযোগ পাই। তারপর এক দিন স্টিমারে চড়ে চাঁদপুরও গিয়েছিলাম। সেখানে যাওয়ার সময় প্রথম শ্রেণীর কামরায় উঠলেও ফেরার সময় আমরা ডেকে চড়েই ফিরি। ওটা ছিল আরও বেশি মজার। বাংলাদেশে আমাকে যথারীতি খুব শিগগিরই গান গাইতে বলা হয়েছিল। আমার গাইতে ভালোই লাগে। তবে এ ধরনের অনুরোধ কিন্তু পশ্চিমের দেশগুলোতে সচরাচর কেউ কাউকে করে না। বুড়িগঙ্গার ওপর ওইদিন সন্ধ্যায় আমি প্রথম একটি বাংলা শব্দ শিখি।"

বিশ্বের এক কোণায় পড়ে থাকা দেশটিতে ভ্রমণের প্রথম পর্যায়ে তিনি টানা দুই সপ্তাহ কাটান ঢাকায়। প্রথম যে দিন রবীন্দ্রসঙ্গীত শুনলেন, সেদিনই তিনি গানটির প্রেমে পড়ে যান। হিউস জানালেন, "রবীন্দ্রনাথ ঠাকুর ও কাজী নজরুল ইসলাম, দুটো নামই এক পর্যায়ে আমার কাছে পরিচিত হয়ে আসে। এই দুজনের সঙ্গীতের সৌন্দর্য ও মাধুর্য আমার মধ্যে গভীর একটা ছাপ তৈরি করেছিল। তখন আমি ওই গান ও দুই গুণীর সম্পর্কে আরও বেশি জানতে উদগ্রীব হয়ে পড়েছিলাম।" তাই



### ESSENCE

Nigel Hughes' first trip to Bangladesh was not a planned one, but that still left an indelible mark on his consciousness which brings him back to this country even now.



of both Rabindranath Tagore and Kazi Nazrul Islam. The beauty and subtlety of the music made a deep impression on me, and I wanted to find out more about it and these extraordinary people." So four years later, after completing his undergraduate degree in Geology, he went to Shantiniketan for eight months to study the Bengali foreign casual course. "I again visited Dhaka on the way back to the UK and remember songs I sang with the rickshaw-wallahs as we peddled back to the airport! It took me a long time to adjust back to life in the UK after all the colour and texture of Bengal. I never fully recovered," he shares.

Even now, he comes over to give lectures in universities and for science organisations with support from the American Center and the British Council. He says, "I find Bangladesh to be a particularly welcoming place, with its people prepared to go that extra mile to pursue their interests and passions, and so deeply appreciative of any efforts made by visitors."

### Culturally beautiful

Bangladesh has so much of natural beauty and this perhaps, I feel, needs to be preserved, he adds. A couple of years ago he went to Mymensingh to sample waters from the local river as part of a worldwide project on the chemistry of chromium in river waters. He informs, "We stopped in a small school in Tangail where we did some programmes about science and then enjoyed various performances by the children. I was astonished, as always, by the extraordinary talent that is present everywhere in Bangladesh, by the poise and self confidence of the children and by their innate sense of comic timing. Bengalis are particularly gifted, thanks to their unique culture. It is so moving to find that this is reaffirmed every time I visit, and appears surprisingly fresh each time.



## BANGLADESH IS A WELCOMING PLACE WITH PASSIONATE AND LOVEABLE PEOPLE

চার বছর পর ভূগোলে অস্নাতক ডিগ্রি অর্জনের পর তিনি বিদেশীদের জন্য নির্ধারিত বাংলা কোর্স করতে আট মাসের জন্য চলে গিয়েছিলেন শান্তিনিকেতনে। তিনি আরও বললেন, "যুক্তরাজ্যে ফেরার পথে আমি আবার ঢাকায় ফিরে আসি। আমার এখনও মনে আছে সেই গানগুলোর কথা, যেগুলো গাইতে গাইতে আমি আর রিকশাওয়ালারা প্যাডেল চালিয়ে এসেছিলেন বিমানবন্দরে! বাংলাদেশের এত রং, এত বৈচিত্র্য দেখার পর যুক্তরাজ্যে পৌঁছে সেখানকার পরিবেশে মানিয়ে নিতে আমার সত্যিই অনেক সময় লেগেছিল। সত্যি বলতে কি, আমি কখনই পুরোপুরি মানিয়ে নিতে পারিনি।"

তিনি এখনও আমেরিকান সেন্টার ও ব্রিটিশ কাউন্সিলের সহায়তায় বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও বিজ্ঞান বিষয়ক সংস্থাগুলোতে বক্তব্য দিতে আসেন। তিনি জানান, "বাংলাদেশকে আমি বরাবরই একটা উষ্ণ অভ্যর্থনাপূর্ণ দেশ হিসেবে খুঁজে পাই। যে দেশের মানুষগুলো তাদের আগ্রহ ও আবেগের জন্য বহু ফ্রোশ পাড়ি দিতে প্রস্তুত থাকে, আর ওরা বাইরের অতিথিদের যেকোনো প্রচেষ্টাকে দারুণ শ্রদ্ধা করতে জানে।"

### সাংস্কৃতিক সৌন্দর্যের আধার

হিউস মনে-প্রাণে অনুভব করেন, বাংলাদেশ প্রাকৃতিক সৌন্দর্যের এক অপার লীলাভূমি এবং এগুলোকে অবশ্যই সংরক্ষণ করা উচিত। কয়েক বছর আগে নদীর পানিতে ক্রোমিয়ামের পরিমাণ নিয়ে রাসায়নিক গবেষণা করার একটি বৈশ্বিক প্রকল্পের অধীনে তাকে ময়মনসিংহে যেতে হয়েছিল। তিনি জানান, "বিজ্ঞান বিষয়ক কিছু প্রকল্পের কাজে টাঙ্গাইলের একটি স্কুলে আমরা গিয়েছিলাম। পরে সেখানে শিশুদের অংশগ্রহণে বেশ কিছু সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করি। বরাবরের মতো আমি সেবারও অবাক হয়ে গিয়েছিলাম যে, বাংলাদেশের আনাচে-কানাচে কতই না অনন্য সাধারণ প্রতিভা লুকিয়ে আছে। ভারিচ্চি চাল আর আত্মবিশ্বাসে টইটমুর ওই শিশুদের মাঝে মজা করার প্রখর সময়জ্ঞানও দেখতে পেয়েছিলাম। আসলে বাঙালিরা একটা দিক দিয়ে আশীর্বাদপুষ্ট। আর এ জন্য ধন্যবাদ দিতে হয় এই দেশের মানুষগুলোর অনন্য সাংস্কৃতিকে। একটা ব্যাপার টের পেয়ে উল্লাসিত হয়ে পড়ি যে, যতবারই এখানে আসি ততবারই মনে হয় এই প্রথম এসেছি।" 🇷🇷



### QUICK TAKES

#### Nigel's Bangla journey

- He first visited Dhaka in the summer of 1982. The tour happened when he was in the high school
- The beauty and subtlety of music made a deep impression on him and he got interested in finding out more about it
- He found people in Bangladesh extremely hospitable, kind, and interested in knowing him.

# The spirit of Ramadan

## রমজানের তেজস্বিতা

Ramadan is the ninth month of the Islamic calendar and is considered the holiest out of the twelve months

ইসলামিক বর্ষপঞ্জিতে রমজান হলো নবম মাস, আর বারোটি মাসের মধ্যে এটাই হলো সবচেয়ে পবিত্র মাস

By: Salman Saeed

**R**amadan characterises the beginning of a month of fasting which a majority of the Bangladeshi population passionately observes. During this time, Iftar is very important to those who fast the entire day. And in the evening, during the time of sunset and time of Maghrib, they break their fast by feasting on some light food known as Iftar.

### Old Dhaka charm

The most noticeable change that can be seen in the streets in this period, is either people on a shopping spree or the restaurants bustling with customers and food. Even though the activity within these is pretty low during the days, the eateries somehow make it up through selling just as much food as Iftar and some even go on to stay open for the Sehri too! Somehow Iftar and old Dhaka exist synonymously in Bangladesh.

One way or another, the breaking of fast for some is incomplete without the fried or grilled munchies from old Dhaka. Following places are the reason why it happens... Ramadan is the ninth month of the Islamic calendar and is considered the holiest out of the twelve months by the 1.6 bn Muslims in the world. This spiritual month is observed by fasting from dawn to dusk, and participating in special prayers known as the taraweeh after the fast is broken every evening. During this month, Muslims are seen to pray more and ask for forgiveness and blessings from the Almighty. The holy month is observed in Bangladesh, which has a population of 150 million, among which 89 per cent are Muslim. Even with the hustle-bustle of everyday life, people do not forget that this festival is meant to be a month of charity, and of spiritual and personal growth.

### Festive atmosphere

There is a festive atmosphere before sundown in Chawkbazar market in Dhaka as makeshift stall owners and itinerant vendors sell food items to customers during this month. The market, located in old Dhaka's Chawkbazar area carries more than a 100-year-old tradition of being Dhaka's largest and most popular market for items for Iftar. Each afternoon during Ramadan,

**ম**সব্যাপী এক সংঘমের শুরু হয় এই রমজানের মধ্য দিয়ে। আর বাংলাদেশের অধিকাংশ মানুষই বেশ আগ্রহভরে অপেক্ষায় থাকে এ মাসের জন্য। এই সময় পুরো একটি দিন যারা না খেয়ে থাকেন তাদের জন্য ইফতার একটি গুরুত্বপূর্ণ বিষয়। সন্কার সময়, সূর্য যখন অস্ত যায় এবং যখন মাগরিবের ওয়াক্ত হয়, ঠিক তখনই তারা হালকা কিছু খাবার খেয়ে সারাদিনের সংঘমের সমাপ্তি ঘটান, আর একেই বলে ইফতার।

### পুরান ঢাকার জৌলুস

এই সময়টায় পথেঘাটে দৃশ্যমান সবচেয়ে বড় পরিবর্তনগুলো হলো, হয় লোকজনের মাঝে কেনাকাটার ধুম লেগে যায়, আর না হয় রেস্টোরাঁগুলো খাবার আর ক্রেতাদের নিয়ে ছমড়ি খেয়ে পড়ে। যদিও দিনের বেলায় এ সব রেস্টোরাঁর মধ্যে তেমন কাজকর্ম চোখে পড়ে না, তবে তারা ইফতারের পর্যাণ্ড খাবার বিক্রি করেই পুষিয়ে নেয়। এমনকি কেউ কেউ তো সেহরির সময় পর্যন্ত খোলা রাখে! আর এর মাঝেই, কোনও এক ভাবে বাংলাদেশে ইফতার আর পুরান ঢাকা যেন একই সঙ্গে টিকে আছে।

যেভাবেই দেখা হোক না কেন, কারো কারোর জন্য পুরান ঢাকার বাজা-পোড়া খাবার ছাড়া উপবাস ভাঙাটা যেন অসম্পূর্ণই থেকে যায়। আর এমনটা কেন ঘটে তার কারণ হলো এগুলো... ইসলামি বর্ষপঞ্জিতে রমজান হলো নবম মাস আর বিশ্বের প্রায় ১৬০ কোটি মুসলমানের কাছে এটাই সবচেয়ে পবিত্র মাস। এ মাসের পুরোটা জুড়ে ভোর থেকে সন্ধ্যা পর্যন্ত সংঘম সাধন করার মাধ্যমে (কিছু না খেয়ে) পবিত্র এ মাসটি উদযাপন করা হয়। এ ছাড়া এ মাসে প্রতি সন্ধ্যায় ইফতারের পর বিশেষ নামাজ 'তারাবিহ' পড়া হয়। এই মাসে মুসলমানদেরকে বেশি বেশি প্রার্থনা করতে এবং সৃষ্টিকর্তার কাছে ক্ষমা ও আশীর্বাদ চাইতে দেখা যায়।



## THE PERIOD IS MEANT TO BE A MONTH OF CHARITY, AND OF SPIRITUAL & PERSONAL GROWTH

বাংলাদেশে বেশ সাদৃশ্যেরই উদযাপিত হয় পবিত্র এ মাস। কেননা, প্রায় ১৫ কোটি মানুষের এ দেশটিতে ৮৯ শতাংশই হলো মুসলমান। সারাদিনের দারুণ কর্মব্যস্ততার মাঝেও এখানকার লোকেরা ভোলে না যে, এই মাসেই বেশি বেশি দান করতে হবে, অর্জন করতে হবে আধ্যাত্মিক ও ব্যক্তিগত সমৃদ্ধি। আর প্রত্যেকেই এ কাজে তাদের যার যার পথ খুঁজে নেয়।

### উৎসবের আমেজ

সূর্যাস্তের আগপর্যন্ত ঢাকার চকবাজার মার্কেটে থাকে উৎসবের রমরমা আমেজ। পুরো মাসজুড়ে এখানকার অস্থায়ী স্টল মালিক থেকে শুরু করে অসংখ্য খাবার বিক্রেতারা ভোক্তাদের কাছে বিভিন্ন



### ESSENCE

This month is observed by fasting from dawn to dusk, and participating in special prayers known as the taraweeh after the fast is broken every evening.



Bangladeshi Iftary items are traditional, such as Doi Bora (curd cake), Sola, Muri, kebabs, barbecued food, etc. Chawkbazar is also known for fried snacks called Beguni (fried eggplant fritters), Pijau (onion lentil fritter), Alur Chop (potato fritters), etc.



## FOR SOME, THE BREAKING OF FAST IS INCOMPLETE WITHOUT FRIED SNACKS FROM OLD DHAKA

makeshift shops in the Chawkbazar market sell unique and traditional Iftar items like giant slices of beef, chicken roasts, marinated minced meat and mutton. Various types of seasonal fruits and local drinks are also available here. To dwellers in this old part of the city, it is a family tradition to buy every day at least a few Iftar items from this market. Hundreds of Iftar sellers display a variety of foodstuff, almost all of them a variation of beef, mutton and chicken. Chawkbazar is also well known for fried snacks locally called Beguni (fried eggplant fritters), Pijau (onion lentil fritter), Alur Chop (potato fritters) and other delicacies.

The stretch of Iftari market at Chawkbazar also has a large array of items. This place is more of a traditional venue than a place where chefs experiment or incorporate new items. To experience Chawkbazar, one has to be present there, see and then buy the items themselves.

ধরনের খাবার বিক্রি করে থাকে। পুরান ঢাকার চকবাজারে অবস্থিত এ বাজারটি ঢাকার সবচেয়ে বড় ও পুরনো ইফতার বাজার। একইসঙ্গে এই বাজারের রয়েছে ১০০ বছরের পুরনো ঐতিহ্য। রমজানের সময় প্রত্যেক বিকেলেই এখানকার অস্থায়ী দোকানগুলোকে দেখা যায় অনন্য ও ঐতিহ্যবাহী ইফতার আইটেম বিক্রি করতে; যার মধ্যে রয়েছে - বড় গরুর মাংসের টুকরো, মুরগির রোস্ট, মেরিনেট করে রাখা গরু ও খাসির মাংসের কিমা। নানা ধরনের মৌসুমি ফল ও স্থানীয়ভাবে তৈরি পানীয়র সমাহারও মিলবে এখানে। শহরের এই প্রাচীন অংশে বসবাসকারী পরিবারগুলোর মধ্যে এখনও এই প্রথা টিকে আছে যে, এখান থেকে প্রতিদিন অল্প কিছু হলেও ইফতার আইটেম কিনতে হবে। শত শত ইফতার বিক্রেতা নানা ধরনের খাবারের পসরা সাজিয়ে বসে। তবে এগুলোর প্রায় সবকটাই দেখা যায় গরু, খাসি কিংবা মুরগির মাংস দিয়ে তৈরি কোনও না কোনও আইটেম। এছাড়া আরও যে সকল মজার মজার খাবারের জন্য চকবাজার বিখ্যাত হয়ে আছে তার মধ্যে উল্লেখযোগ্য হলো - বেগুনি (বেগুনের টুকরো ভাজা), পিঁয়াজু (মসুর ডাল ও পেঁয়াজের মিশ্রণ ভাজা), আলুর চপ এবং আরও অনেক কিছু।

চকবাজারের ইফতারি খাবারের পরিসরটা অনেক বড়। খাবারপ্রেমীরা ভালো করেই জানে যে এই জায়গাটি রন্ধনশিল্পীদের জন্য নতুন রেসিপি পরীক্ষার স্থান নয়। এর বড় পরিচয়, খাবারের একটি ঐতিহাসিক জায়গা হিসেবেই এটি বেশি পরিচিত। আর স্থানীয়রা বেশ দৃঢ়ভাবেই বিশ্বাস করে যে, কেউ যদি পুরোপুরি চকবাজারের অভিজ্ঞতা পেতে চায়, তবে তাকে সেখানে উপস্থিত থাকতে হবে, ঘুরে দেখতে হবে, তারপর খাওয়ার জন্য একটা কিছু কিনতে হবে। তারা মনে করে যে, ইফতার বাজারের



## QUICK TAKES

### Indulge@ Chawkbazar

- Shops offer traditional Iftar items like slices of beef, chicken roast, marinated minced meat and mutton
- Seasonal fruits and drinks are available
- The market is famous for fried snacks, such as locally made Beguni (eggplant fritter), Piaju (onion lentil fritter), Alur Chop (potato fritter), etc.
- It is Dhaka's largest and most popular market to buy Iftar items

For them, the spirit of Iftar is in breaking the fast with fellow Muslims inside the mosque adjacent to the Iftar market or on the streets in front of the food stands. It is not always feasible for the those who fast to commute to Chawkbazar. Therefore, the tradition has been brought to new Dhaka. One can now see restaurants sporting signboards and banners displaying messages like Chawkbazar's traditional Iftari cooked by specialised chefs. Some of the eateries in Gulshan cater to a large number of food lovers who relish the Iftaris prepared in these restaurants. Bangladeshi Iftari items are very traditional, such as Doi Bora (curd cake), Sola, Muri, Piaju, fried food items, kebabs, juices, barbecued food, fruits and much more.

আশপাশে থাকা কোনও মসজিদে অথবা খাবারের স্ট্যান্ডের পাশে অন্য মুসলমানদের সাথে নিয়ে একসঙ্গে ইফতার করার ভেতরেই লুকিয়ে আছে রোজা ভাঙার আসল তেজস্বিতা।

শহরে যারা রোজা রাখেন, তাদের সবার জন্য চকবাজার পর্যন্ত যাওয়াটা অনেক সময় সম্ভবপর হয় না। আর তাই এ ঐতিহ্যটাকে নতুন ঢাকাতেও নিয়ে আসা হয়েছে। অনেক রেস্টোরাঁয় সাইনবোর্ড ও ব্যানার বুলতে দেখা যায়, যাতে লেখা রয়েছে বিশেষজ্ঞ পাচকের তৈরি চকবাজারের ঐতিহ্যবাহী ইফতারি পাওয়া যায়। গুলশানের অনেক খাবারের দোকান আছে যেখানে ভোজনরসিকদের জন্য সেখানকার রেস্টোরাঁগুলোর খাবার পরিবেশন করা হয়। বাংলাদেশের ইফতারি আইটেমগুলো অনেক বেশি ঐতিহ্য বহন করে। এগুলোর মধ্যে রয়েছে দই বড়া (দই দিয়ে বানানো এক ধরনের কেক), ছোলা, মুড়ি, পিঁয়াজু, ভাজা খাবার, কাবাব, জুস, বারবিকিউ খাবার, ফল ও আরও বেশ কিছু আইটেম।

লাব্বায়িক, আল্লাহুমা লাব্বায়িক।

# সবার আগে কাবার পথে




২৭ অগাস্ট রোজ বুধবার: প্রথম হজ্ব-ফ্লাইট।

ঢাকা-জেদ্দা সরাসরি। ১৫০টি হজ্ব-ফ্লাইট। ৫০ হাজার হজ্ব-যাত্রী।

আল্লাহর মেহমানদের জন্য আমাদের সর্বোত্তম আয়োজন।

বিশালাকারের বিলাসবহুল নতুন বয়িং ট্রিপল সেভন!!



**বিমান**  
বাংলাদেশ এয়ারলাইনস  
কাবার পথে, সবার আগে



**ESSENCE**

Ramadan provides an a much-needed opportunity to celebrate life in a way where people forget all worries to gorge on delicious food.

# Celebrating Iftar in Old Dhaka

## ইফতার করুন পুরান ঢাকার সঙ্গে

By: Faisal Abdullah

Even though Iftar means light snacks, Bengalis love to gorge heavily without a second thought

ইফতার মানে হালকা নাশতা হলেও ব্যাপারটাকে মোটেই হালকাভাবে নেয় না বাঙালিরা

The word Iftar derived from the Arabic 'Futur' means light snacks. Bengalis are great foodies by nature. So no matter what it means, the people of Bengal do not take Iftar 'lightly'! Thus, among the many several festivities in Bangladesh, Iftar has marked a strong place for itself in the all-pervading culture of the nation.

Iftar doesn't necessarily mean a certain type of food. That's why the variety in the foods that are taken as Iftar

আরবি 'ফুতুর' শব্দটি থেকেই এসেছে ইফতার। যার অর্থ হলো হালকা নাশতা। বাঙালি যুগে যুগেই ভোজনরসিক। ইফতার মানে হালকা নাশতা হলেও ব্যাপারটাকে তারা মোটেই হালকাভাবে নেয় না। আর এ কারণেই নানা আয়োজনে ভর করে বাঙালির হাজারো চিরায়ত ঐতিহ্যের মাঝে শক্ত জায়গা করে নিয়েছে এই ইফতার।

ইফতার বিশেষ কোনো খাবারকে বোঝায় না। তাই একেক দেশে একেক ধরনের খাবার উঠে আসে ইফতারের টেবিলে। আফগানিস্তানে রুটি আর ফলের প্রধান্য থাকলেও, মধ্যপ্রাচ্যের দেশগুলোতে কাবাবেরই জয়জয়কার।

depends on the country and geographical location. In Afghanistan, the prime food of Iftar is bread, accompanied with lots of mouth-watering kebabs that are put on the table in Middle Eastern countries. And since Bangladeshi cuisine has been highly influenced by Mughal cuisine, it is natural that the reflection is also seen in this region's Iftari items as well.

## In Dhaka's streets

During Ramadan, from afternoon itself a celebrating environment starts unfolding beside every road, restaurant and small lane. A tinge of carnival seems to kick off around the country. The Iftar of Dhaka is always special, specially if you go to Old Dhaka (puran Dhaka) in the afternoon during Holy Ramadan, you will be amazed to see what might be the City of Iftar unfolding! Just a while after midday, a festive air spreads all over Chakbazar, North-South road, Nazimuddin Road, Chak Circular Road, Shahi Masjid Road and in other areas. Hundreds of temporary and permanent shops are adorned with colourful Iftar items.

In order to adhere to Sunnat rituals a few dates are consumed before Iftar. This is followed by drinks of many types, such as squash or sherbet which are made during this period. Drinks such as matha (milk-based drink), borhani (mint leaves with yogurt and other spices), labang, milk and almond juice, wood apple juice, tamarind juice, lacchi (made of ice, yogurt and sugar) are popular among the residents of old Dhaka. The upper crust of society drink a heady infusion of pomegranate and mint leaves.

## Fried wonders

Then comes the festivity of tempura. The most mentionable titles are- Pajua (fried mixture of lentils and onions), Fuluri (fried leafy vegetables), fried pepper, fried chickpea, fried eggplant, vegetable roll, egg roll, beef chop, and several other fried items and rolls.

The mandatory items of Iftar for the people of Bangladesh is fried chickpea with puffed rice mixed well with other ingredients such as fried vegetables with some sweeteners and mustard oil with coriander leaves.

Boiled chickpeas are a mandatory item in Ghugni. This has an intimacy with puffed rice (aka Muri) and consists of boiled beans, potatoes, cumin seeds, salt and a medley of spices. Without Ghugni, accompanied with fried chickpeas and puffed rice, the Iftar of Old Dhaka remains incomplete.



The mandatory items of Iftar for the people of Bangladesh is fried chickpea with puffed rice mixed well with other ingredients such as fried vegetables with some sweeteners and mustard oil. This is then garnished with coriander leaves.



আর বাংলার অভিজাত খাবারের ঐতিহ্যটা যেহেতু মোঘলদের দ্বারা প্রভাবিত, তাই এ অঞ্চলের ইফতার মেনুতে মোঘলাই ছাপ থাকবে, এমনটাই স্বাভাবিক।

## পুরান ঢাকার অলি-গলি

এ দেশে রমজান আসলেই দুপুরের পর থেকে রাস্তার পাশে, রেস্তোরাঁ আর পাড়ায় পাড়ায় সাজ সাজ রব পড়ে যেতে দেখা যায়। ইফতারকে ঘিরে যেন এক ধরনের মেলা বসে যায় গোটা বাংলায়। তবে এর মাঝে ঢাকাই ইফতার মানেই বিশেষ কিছু। বিশেষ করে পুরান ঢাকায় গেলে মনে হবে এ বুঝি ইফতারের শহর। দুপুর গড়তেই চকবাজার, নর্থ সাউথ রোড, নাজিমউদ্দিন রোড, চক সার্কুলার রোড, শাহী মসজিদ রোডসহ নানা এলাকায় থেকেই শুরু হয় উৎসবমুখর পরিবেশ। রাস্তার দুপাশে শত শত দোকান বাহারি রকমের ইফতারে পরিপূর্ণ হয়ে ওঠে।

এ দিকটায় খেজুরের প্রচলন কম হওয়ায় কেবল মাত্র সুন্নত রম্ফার জন্য শুরুতে একটি কিংবা দুটি খেজুর খেয়ে ইফতার শুরু করেন রোজাদাররা। এরপর আসে পানীয়। এ তালিকায় আছে নানা ধরনের শরবত। বিশেষ করে মাঠা, বোরহানি, লাবাং, রুহ আফজা, দুধ-পেস্টা বাদামের শরবত, বেলের শরবত, তেঁতুলের শরবত, লাচ্ছি লেবুর শরবত উল্লেখযোগ্য। অভিজাত শ্রেণির পছন্দের তালিকায় আছে বেদানার শরবত, পুদিনা পাতার শরবত।

## নানা ধরনের ভাজা

এরপরই আছে নানা ধরনের ভাজা-পোড়া। আর এ তালিকায় সবার আগে যে নামগুলো বলতেই হয়, সেগুলো হচ্ছে- পিঁয়াজু, ফুলুরি, মরিচি, ছোলা ভাজা, বেগুনি, সবজি চপ, ডিম চপ, গরুর চপ, নানা ধরনের বড়া ও রোল।

এরপরই বাংলার মানুষের ইফতারি আইটেম হলো ছোলা-মুড়ি। শুধু দুটো আইটেমই নয়। এর মধ্যে মাখানো থাকে আরও অনেক

## QUICK TAKES

**Tickle your sweet tooth**

- Jilapi, a favourite among many, is available in many sizes
- Other traditional dessert items are Malaikap, Firmi, Payes, Semai, Doi-Bundia and sweets made of curd
- With time, egg-based puddings have created a space for themselves, alongwith cakes of various kinds

## Sweet spread

After the primary Iftar when it comes to desserts, several dishes come to mind; Jilapi first among all. It does not come under the purview of classifications or boundaries. The price varies depending on its many varieties. It is available in many sizes, that can be sampled at the many shops in old Dhaka. Some of the traditional dessert items are - Malaikap, Firmi, Payes (sweetened rice), Semai (flour-based dish), Doi-Bundia (yogurt with sweets) and sweets made of curd. Gradually in time, egg-based pudding created a space for itself in the long list of Iftar. Food connoisseurs also whipped up non-traditional cakes, adding their own spin to it.

*The variety in the food consumed during Iftar depends on the country. In Middle Eastern countries, the prime food is bread, accompanied with mouth-watering kebabs. And since Bangladeshi cuisine has been highly influenced by Mughal cuisine, it is natural that the reflection is also seen in this region's Iftari items as well.*

After a whole day of fasting, such delicacies can leave anyone under a spell. One gets to sample a variety of flavours and tastes. The list of items is long and most of the delicacies are dry. And, if you want to capture the nostalgic experience of the all-pervading cultural heritage of Bengal, you must get lost deep in old Dhaka's alleys during Ramadan. Spending time in Chakbazar is also essential. Also the smell of tempura is bound to make you nostalgic.



## FRIED SNACKS LIKE PIAJU, BEGUNI, FULURI, CHOPS AND ROLLS RULES THE PLATTER OF CELEBRATION

কিছুই। বিশেষ করে যত ধরনের চপ রয়েছে তার সবই মাখানো হয় ছোলা ভাজা ও মুড়ির সঙ্গে। সাথে খানিকটা মিষ্টিমু, সরসের তেল আর ধনে পাতা না থাকলেই নয়। সাধারণত পুরোটা একবারে মাখিয়ে পরে ভাগ করে যার যার পেটে তুলে দেওয়া হয় এই ছোলা-মুড়ি।

পুরান ঢাকার ইফতারে এই ছোলা মাখানোর জন্য অবধারিতভাবে আরেকটা জিনিস লাগবেই। তা হলো-ঘুগনি। মুড়ির সঙ্গেই মূলত এর সম্পর্ক। মটরের ডাল সেদ্ধ করে এর সঙ্গে আলু ও নানা ধরনের মসলা মিশিয়ে তৈরি হয় এটি। ছোলাভাজা আর মুড়ির সঙ্গে ঘুগনি না হলে পুরান ঢাকার ইফতার অসম্পূর্ণই থেকে যায়।

### মিষ্টির বাহার

ইফতারের প্রাথমিক পর্ব শেষ হলে, অর্থাৎ ভুরিভোজের পর যখন ডেজার্টের প্রশ্ন আসে, তখন উত্তর হিসেবে হাজির হয় একগাদা আইটেম। এর মধ্যে এগিয়ে আছে জিলাপি। সব শ্রেণির পাতেই দেখা যায় এর উপস্থিতি। তবে দামভেদে এর ধরনে আসে বৈচিত্র্য। সাধারণ ছোট আকারের জিলাপি থেকে শুরু করে বিশালকার শাহী জিলাপি; সবই পাওয়া যাবে ইফতারের পসরায়। পুরান ঢাকার ঐতিহ্যবাহী ইফতারের তালিকায় আছে মালাইকাপ, ফিরনি, দই-বুন্দিয়া, সেমাই, ছানার মিষ্টি ইত্যাদি। এছাড়াও আছে হরেক স্বাদের পায়েস। আধুনিক সময়ের যাত্রা শুরুর পর থেকে মিষ্টিমুয়ের তালিকায় আরেকটা খাবার চোখে পড়ে বেশি-ডিমের পুডিং। তবে সৌখিনরা নিজেরাই তৈরি করেন নানা স্বাদের কেক।

সারাদিনের না খাওয়ার পর ইফতারের এমন রসনায় যে কেউ মুগ্ধ হবে। প্রতিটি খাবারের আলাদা আলাদা স্বাদ ও নেওয়া যায় ইফতারে। খাবারের ধরন অনেক, বেশিরভাগই শুকনো। আর কেউ যদি নিছক রসনার বাইরে গিয়ে উপভোগ করতে চান বঙ্গভূমির ইফতারের চিরায়ত ঐতিহ্য, তবে তাকে ক্ষণিকের জন্য হারিয়ে যেতে হবে পুরান ঢাকার ইফতারের বাজারে। সময় নিয়েই ঘুরে দেখতে হবে চকবাজারের অলি গলি। ভাজাপোড়া আর নানা ধরনের কাবাবের স্বাদ গন্ধে মাতোয়ারা হয়ে স্মৃতিকাতর হবেন, তাতে সন্দেহ নেই।





আপনার  
**রাজকীয়** পছন্দের সাথে  
আমাদের **রাজকীয় অলংকারের**  
মেলবন্ধন



As seen in and magazine



THE  
**BIKANERSTATE**  
JEWELLERS

A Branch of Aabhushan

Princess Siddhi Kumari of Bikaner Collection

বাংলাদেশ থেকে অনুসন্ধান/ব্যক্তিগতভাবে দেখার জন্য যোগাযোগ করুন:

bangladesh@thebikanerstate.com, Mob: +91.9811120924

CONNAUGHT PLACE  
COOKE & KELVEY

3 Scindia House, Janpath, New Delhi - 110001  
Tel : +91.11.2331.4095/3712, Fax : +91.11.2331.6049

SUNDER NAGAR

The BikanerState Jewellers  
3 A Sunder Nagar Market, New Delhi - 110003  
Tel : +91.11.2435.3934/3372



**ESSENCE**

Calligraphy has definitely become a specialised art which draws sheer respect for its beauty.



# Aesthetic Writings

Calligraphy  
extends its horizon  
beyond writing  
words and phrases  
artistically

By: Shaikh Kaissar Hussain

## শব্দের শৈল্পিক চিত্রায়ন

ক্যালিগ্রাফি এখন আর শুধু শব্দ কিংবা বাক্যাংশের শিল্পিত রূপ  
বোঝায় না, এর মাত্রা ছাড়িয়েছে বহু দূর

**A** fascinating handwriting on paper always attracts our attention and at times, it forces us to ignore the inner meaning of the words that they carry with them. We get lost in the world of artistically handwritten words. And calligraphy has definitely become a specialised art which draws sheer respect for its beauty. An attractive writing style weighs so much when it comes to making a good impression to begin with and it undoubtedly draws attention.

'Calligraphy' comes from the Greek words 'Kallos' meaning beauty and 'graphe' meaning writing, literally meaning 'beautiful writing'. Religious texts have been the carriers of calligraphy from the past to present day. Though we are talking of calligraphy in English, Arabic and Urdu, it is not limited to these languages only. Oriental calligraphy (Chinese, Japanese, Korean, etc.) are not formations of letters or alphabets but expressions in themselves. Apart from religious texts, today calligraphy is used for business and wedding cards, on special invitations, cover designs and other illustration work.

**এ** ক টুকরো কাগজে চমৎকার হাতের লেখা সবসময়ই আমাদের মনযোগ কেড়ে নেয়, এবং শৈল্পিকতার এ বিষয়টি আমাদের খেয়ালকে অন্তর্নিহিত অর্থটির থেকে দূরে নিয়ে যায়। আমরা যেন ক্রমশ হাতে লেখা শিল্পিত শব্দগুলোর মাঝে হারিয়ে যাই। এভাবেই ক্যালিগ্রাফি এমন এক বিশেষায়িত শিল্পে পরিণত হয়েছে যা এর নিখুঁত সৌন্দর্যের খাতিরে যথাযথ সম্মানটুকু আদায় করে নিয়েছে। আসলে কোনো কিছু শুরু করার সময় মনের মধ্যে একটি ভালো ছাপ তৈরি করার ক্ষেত্রে আকর্ষণীয় হাতের লেখার গুরুত্ব তের বেশি এবং নিঃসন্দেহে তা মনযোগ কেড়ে নেয়।

'ক্যালিগ্রাফি' শব্দটা এসেছে গ্রিক শব্দ 'কালোস' থেকে, যার মানে হলো সৌন্দর্য আর 'গ্রাফ' মানে হলো লিখা। আক্ষরিক অর্থ দাঁড়াতে 'সুন্দর লিখা'। শুরু থেকে এখন পর্যন্ত ধর্মীয় বাণীগুলোই ক্যালিগ্রাফি চর্চার ধারক হয়ে আসছে। আমরা এখন যদিও কেবল ইংরেজি, আরবি ও উর্দু ক্যালিগ্রাফির কথা বলছি, তবে চর্চাটা কিন্তু এ কয়টি ভাষায় সীমাবদ্ধ নেই। প্রাচ্যের অন্যান্য ক্যালিগ্রাফি (চীনা, জাপানি, কোরিয়ান ইত্যাদি) বলতে শুধু অক্ষর বা বর্ণমালার বিশেষ কিছু বিন্যাসকেই বোঝায় না, বরং সেগুলোরও নিজস্ব একটি ব্যাঞ্জন্য তুলে ধরে। ধর্মীয় বাণীর বাইরে এ যুগে ক্যালিগ্রাফির চর্চা দেখা যায় ব্যবসায়িক কিংবা বিয়ের কার্ড, বিশেষ নিমন্ত্রণ, প্রচ্ছদের নকশা ও অন্যান্য চিত্রাঙ্কনের কাজেও।

### সুকুমার লেখনী

মনহোর যেকোনো লেখা কিংবা ক্যালিগ্রাফি কখনই হাততালি কুড়োতে ব্যর্থ হবার নয়। একজন মাস্টার ক্যালিগ্রাফারকে

### Beautiful style

Any piece of beautiful writing or calligraphy never fails to elicit an applause. It is a spectacle to watch a master calligrapher at work. Working directly where pen meets the writing surface, be it paper or ceramic or any other writeable surface, these masters use ink or colour without any preliminary sketch, and as the writing unfolds, the magnificence of the art never fails to amaze the onlooker. Originally feather and reed were the instruments of calligraphy. A feather pen was called a quill. The quill was prepared by stripping the broad end of the feather and the hollow shaft was cleaned out. This hollow stalk helped to hold a small quantity of ink. The tip was then cut to shape of a nib and a vertical slit made, through which the ink would flow to the paper by capillary action. In later developments, a metal nib was inserted at the tip to write with and this had a small 'S' shaped metal spring to hold the ink.

*In case of a reed pen, the design principle is essentially the same, except that the feather is replaced by a reed. The tip is cut and shaped to form an almost flat and broad writing point.*

### Creative tip

In case of a reed pen, the design principle is essentially the same, except that the feather is replaced by a reed. The tip is cut and shaped to form an almost flat and broad writing point. An oblique cut is made at the point and the vertical slit is made for the ink to flow. However, with use, the reed needs to be re-cut to get the desired sharpness of the characters. Both the above instruments must be dipped into the ink repeatedly for writing. There is no barrel or container which can hold a large quantity of ink for uninterrupted writing.

Over time, various masters of calligraphy have contributed different styles or scripts of



## WHILE LEARNING CALLIGRAPHY, A STUDENT WRITES BY MOVING HIS ARM INSTEAD OF JUST HIS WRIST TO GET THE RIGHT FLOW

কাজ করতে দেখাটাও বেশ দৃষ্টিনন্দন ব্যাপার। কাজ করার সময় কলম মাধ্যমের সঙ্গে মেশে, হোক সেটা কোনো কাগজ কিংবা সিরামিক; মাস্টাররা কখনই আগে থেকে খসড়া স্কেচ এঁকে রাখেন না। লেখাগুলো যখন ধীরলয়ে প্রকাশ পেতে থাকে, তখন এই শিল্পের চমৎকারিত্ব ক্ষণে ক্ষণে অবলোকনকারীকে মুগ্ধ করবেই। প্রাথমিকভাবে পাখির পালক ও নলখাগড়া ছিল ক্যালিগ্রাফির প্রধান উপকরণ। পালকের কলমকে বলা হতো কুইল। পালকের নিচের মোটা দিকটাকে চিরে তৈরি করা হতো এই কুইল। এরপর ফাঁপা অংশে সামান্য পরিমাণ কালি ভরে রাখা যেত। কুইলের আগাটাকে কেটে নিবের আকৃতি দেওয়া হতো এবং তাতে উলম্বভাবে খানিকটা চেরা হতো। ওই চেরার ভেতর দিয়েই ভেতরের কালি সূক্ষ্মভাবে প্রবাহিত হয়ে কাগজে পৌঁছাতো। পরবর্তীতে লেখালেখির কাজে কলমের আগায় জুড়ে বসলো একটি ধাতব নিব আর কালি ধরে রাখার কাজে ব্যবহৃত হতো ইংরেজি 'এস' আকৃতির একটি ধাতব কাঠামো।

### সৃজনশীল কলম

নলখাগড়ার তৈরি কলমের নকশাগত ধারণটা পালকের কলমের মতোই। পার্থক্য হলো, এতে পালকের পরিবর্তে একটি খাগ ব্যবহৃত হয়। আগাটাকে কেটে এমন রূপ দেওয়া হয় যাতে প্রায় সমতল ও বড় আকারের একটি লেখার মুখ তৈরি হয়। মূল আগার দিকটায় খানিকটা ভেদরছা করে কেটে নিতে হয়, আর কালির প্রবাহ ঘটাতে উলম্বভাবেও কাটা হয়। লিখতে লিখতে এক পর্যায়ে অক্ষরের মাঝে পছন্দসই তীক্ষ্ণতা পাওয়ার জন্য নলখাগড়াটিকে পুনরায় কেটে নিতে হয়। লেখার সময় এ দুটো উপকরণকেই বার বার কালিতে চুবানোর দরকার হয়। বাধাহীনভাবে লিখে যাওয়ার জন্য কালির বড় ধারকের প্রয়োজন, যা এ দুটোর মাঝে নেই।



writing to their respective language or culture. In the English language, the scripts are Gothic, Italic, Copperplate, Uncial, Versal, Rustic to name a few. The Arabic language has scripts such as Kufic, Naskh, Thuluth, Ta'liq, Nasta'liq, Riq'a and Diwani.

### Learning the style

Calligraphy is no rocket science and any one can learn it, but it does need, apart from determination and resoluteness, regular practice, and a good calligraphy teacher. It is like learning the kindergarten alphabets all over again, but with a difference. The new student of calligraphy starts with the same cursive writing, but this time learns to write by moving his arm instead of merely moving his wrist. Slowly, with progress, the student amazes himself when he realises how beautifully he can form the letters.

Today though, calligraphy is being overtaken by computers with numerous fonts, yet it has not been able to take over its beauty. The style and expression that a calligrapher showcases remain, thankfully, humane.

ক্যালিগ্রাফির অনেক গুরু রয়েছেন, সময়ের ব্যবধানে যারা অবদান হিসেবে তাদের নিজস্ব ভাষা ও সংস্কৃতিতে লেখনির ভিন্ন ভিন্ন ধরন ও লিপি রেখে গেছেন। ইংরেজি ভাষার ক্ষেত্রে কয়েকটি উল্লেখযোগ্য লিপি হলো গোথিক, ইটালিক, কপারপ্লেট, আনসিয়াল, ভার্সাল ও রাস্টিক। আরবি ভাষার ক্ষেত্রে এ ধরনের কয়েকটি লিপি হলো কুফিক, নাশখ, থুলুত, তা'লিক, নাসতা'লিক, রিক'আ ও দিওয়ানি।

### ক্যালিগ্রাফি শেখার জন্য

ক্যালিগ্রাফি কিন্তু রকেট বিজ্ঞানের মতো জটিল কিছু নয়। যে কেউ শিখতে পারবে। তবে লক্ষ্য ও স্থিরপ্রতিজ্ঞা ছাড়াও এটা শিখতে চাই নিয়মিত চর্চা ও একজন দক্ষ ক্যালিগ্রাফি শিক্ষক। এটা শিখতে গিয়ে মনে হবে যেন কিন্ডারগার্টেনের বর্ণমালা পুনরায় শেখা হচ্ছে, তবে নতুন নিয়মে। ক্যালিগ্রাফির নতুন শিক্ষার্থী আগের মতোই টানা ও প্যাচানো অক্ষর দিয়ে শুরু করে, তবে এই ক্ষেত্রে হাতের কজ্জি না ঘুরিয়ে ওই শিক্ষার্থী পুরো বাহুটাকে নাড়িয়েই লিখতে শিখবে। ধীরে ধীরে যখন পাঠ এগিয়ে যাবে, তখন শিক্ষার্থীটি তার নিজের প্রতিভায় নিজেই বিস্মিত হবে, যখন কিনা সে বুঝতে পারবে তার লেখা অক্ষরগুলো সত্যিই কত সুন্দর হচ্ছে।

আজকের সময় হতে পারে, কম্পিউটারের অগণিত ফন্ট এসে ক্যালিগ্রাফিকে দাবিয়ে রেখেছে, তবে ক্যালিগ্রাফির সৌন্দর্যকে ছাপিয়ে যেতে পারেনি। সৌভাগ্যক্রমে, একজন ক্যালিগ্রাফারের ধরন ও ব্যঞ্জনার অভিব্যক্তি এখনও অনেকটাই মানবিক! 🚀

**QUICK  
TAKES**

### Varied styles of calligraphy

The many masters of calligraphy have contributed different styles of writing:

- In the English language, the scripts are Gothic, Italic, Copperplate, Uncial, Versal, Rustic to name a few
- The Arabic language has scripts such as Kufic, Naskh, Thuluth, Ta'liq, Nasta'liq, Riq'a and Diwani.



পালকি চড়ে অরুণ আলো আসে  
দিনান্তে আকাশ প্রদীপ জ্বালে;  
রাশ্তা প্রভাত ছড়িয়ে পড়ে হেসে  
মা, মাটি আর মানুষ ভালবেসে।

আকাশের বিশ্বয় নতুন প্রজন্মের অর্ধ-ডজন বোয়িং ৭৭৭ এখন বিমান বহরের মেরুদণ্ড। এর সাথে আছে বোয়িং ৭৩৭ এবং এয়ারবাস, জোড়ায় জোড়ায়। সব মিলিয়ে বিমান বহর এখন আধুনিক, নতুন এবং ঝকঝকে। বেড়ে চলেছে এর গন্তব্য। ফ্লাইট শেডুল সুশৃংখল। আধুনিকতার ছোঁয়া এর সবদিকে।

স্বপ্ন পূরণের দিন আসে। উড়ে যান, যেথা খুশি!



**বিমান**  
বাংলাদেশ এয়ারলাইনস

আকাশে শান্তির নীড়



# Rain and By: Alakananda Bhattacharya Tagore songs

With the onset of monsoon, it is not only the rain that Bengalis look forward to, but yet another season when they like to get drenched in Rabindra Sangeet

## বর্ষা ও রবিঠাকুরের গান

বর্ষা যখন আগমণী বার্তা নিয়ে হাজির হয়, তখন বাঙালি কেবল বৃষ্টি খুঁজেই বেড়ায় না। এটা এমন একটা ঋতু, যে সময়ে তারা সিক্ত হতে চায় রবীন্দ্রসঙ্গীতেও

*My heart dances like a peacock  
Rejoicing, reeling in the monsoon.  
Emotions, splayed like plumes,  
Reach to the sky like an iridescent arc,  
Yearnings tuned to a passion unknown.*

(A Tagore song)

হৃদয় আমার নাচেরে আজিকে ময়ূরের মত নাচেরে ।  
শত বরনের ভাব উচ্ছ্বাস কলাপের মতো করেছে বিকাশ,  
আকুল পরান আকাশে চাহিয়া উল্লাসে কারে যাচেরে  
ওগো, নিজনে বকুলশাখায় দোলায় কে আজি দুলিছে,  
দোদুল দুলিছে ।

(রবীন্দ্রনাথ ঠাকুরের গান)



**R**ains have inspired so many writers. After all it inspires life. But many would argue that all Rabindranath Tagore's songs sound the same after a point of time. So what's so unique about his songs on rain? Where is 'the magic'?

I could not find the magic till the time I kept floating on the surface of his literary ocean. As I delved deeper, I realised it has more than what you just hear. Rabindra Sangeet is something that steps down to your heart and touches your soul. At every age, Tagore's music impacts you differently. Apart from the six different categories of Rabindra Sangeet i.e., Puja (Worship), Prem (Love), Prakriti (Nature), Bichitra (Diverse), Swadesh (Patriotism) and Anusthaanik (Festivals or celebrations), his songs have significance for all ages, moods and every possible emotion.

Consider *Purano sheyi diner katha*, for instance. A song that brings alive good old days of love, togetherness and nostalgia. As a kid, I loved it for its melodious music and simple words, which were easy to learn. And today, while listening to it during monsoon, I revisit the rainy days of my past. After all these years when I now listen to it, the song brings tears to my eyes. That's the power of Rabindra Sangeet. Where every word is dipped in emotion and every single note is an expression that never fails to move you.

### Influencing souls

Once after a concert in the US, Suchitra Mitra, a renowned Rabindra Sangeet singer, met an American listener. She told her, "I did not understand a word you sang, but while you were singing, I could not hold back my tears... I don't know why!" To that, Mitra said, that's what Tagore's music is like. It was indeed a sad song and so it did touch the heart of the listener transcending the barriers of land and language.

**ক**ত শত লেখককেই না রসদ যুগিয়েছে এই বর্ষা। সত্যি বলতে কি, এই বর্ষা জীবনেরই জয়গান গায়। বিতর্ক আছে, সময়ের একটা পর্যায়ে নাকি রবীন্দ্রনাথ ঠাকুরের সব গানই এক রকম শোনায। তো, তার বর্ষার গানে এমন কী আছে? জাদুটা ঠিক কোথায়?

এটা সত্য যে, রবিঠাকুরের সাহিত্যের মহাসমুদ্রের ওপর দিয়ে যখন ভেসে বেড়াই তখন আমি ওই জাদুটা খুঁজে পাই না। কিন্তু নিজেকে যতই গভীরে নিমজ্জিত করতে থাকি, ততই বুঝতে পারি, এখানে যা শুনছেন, তারচেয়েও বড় কিছু রয়েছে। রবীন্দ্রসঙ্গীত আপনার হৃদয়ে গড়িয়ে প্রবেশ করে স্পর্শ করবে আত্মাকে। তবে রবিঠাকুরের গানগুলো আপনার ওপর কী ধরনের প্রভাব ফেলবে সেটা আবার বয়সের ওপরও নির্ভর করে। এমনিতে রবীন্দ্রসঙ্গীতের ৬টি ধারার কথা বলা হলেও (পূজা, প্রেম, প্রকৃতি, বিচিত্র, স্বদেশ ও আনুষ্ঠানিক) তার গানগুলো সকল বয়স, মনোভাব ও সম্ভাব্য সকল আবেগের জন্যই আলাদা গুরুত্ব বহন করে।

'পুরনো সেই দিনের কথা...' এই গানটির কথাই ধরুন; এই একটি গানই পারে এক মুহূর্তে পুরনো প্রেমময় দিন, মিলেমিশে থাকা আর নস্টালজিয়াগুলোকে জীবন্ত করে তুলতে। ছোট থাকতে আমি গানটা পছন্দ করতাম এর সুরের মাধুর্য আর সরল শব্দের জন্য। এ কারণে গানটা শেখা খুব সহজ ছিল। আর এখন যখন বর্ষার সময় গানটা শুনলাম, আমি যেন মুহূর্তে ফিরে গেলাম সেই পুরনো বর্ষার দিনগুলোতে। এতগুলো বছর পেরিয়ে যাওয়ার পর এখন যখন গানটা শুনি, আমার চোখ ভিজে যায়। আর এটাই রবীন্দ্রসঙ্গীতের শক্তি! যার প্রতিটি শব্দই আবেগের ঝরনায় সিক্ত। স্বরলিপির প্রতিটি নোট আপনাকে নাড়া দিয়ে ছাড়বে।

### আত্মকে নাড়া দিয়ে যায়

যুক্তরাষ্ট্রে কনসার্ট করছিলেন নামকরা রবীন্দ্রসঙ্গীত শিল্পী সূচিত্রা মিত্র। দেখা হলো এক আমেরিকান শ্রোতার সঙ্গে। ওই নারী সূচিত্রাকে বললেন, "তুমি যা গেয়েছো তার একটা শব্দও আমি বুঝিনি, কিন্তু তুমি যখন গেয়েছিলে, আমি আমার চোখের জল ধরে রাখতে পারিনি... আমি জানি না কেন এমনটা হলো!" এমনটা শুনে সূচিত্রা বললেন, রবিঠাকুরের সঙ্গীত এমনই। আর সত্যি বলতে কি, গানটা ছিল দুঃখের। আর তাই গানটা সীমানা ও ভাষার যাবতীয় বেড়া ডিঙিয়ে ওই শ্রোতার হৃদয়ে পৌঁছে যেতে পেরেছে।

এটাই হলো রবীন্দ্র সঙ্গীতের জাদু। ঋতু, উপলক্ষ বা পরিস্থিতি যেমনই হোক না কেন, এ গানগুলো প্রতিটি আবেগকেই তার স্বরূপে জাহির করতে পারে। যতই শুনবেন ততই মনে হবে এ গান যেন আপনার জীবনের সঙ্গে ক্রমে মিলেমিশে একাকার হয়ে যাচ্ছে।



### ESSENCE

Rabindra Sangeet steps down to your heart and touches your soul. Every word is dipped in emotion that never fails to move you.



This is the magic of Rabindra Sangeet. Be it any season, occasion or situation, it embodies every emotion in its truest sense. And, the more you listen to it, the more you start connecting it to your life.

### Inviting rains

Let me share one of my favourites, which is *Esho Shyamalo Shundoro*. Based on Raag Desh, the song is about welcoming the monsoons to the lush green fields of Bengal. Try to listen to this song on a rainy day. I believe you cannot stop yourself from going out and dancing in the rain! Even if you do not understand the language, the music enchants your heart.



There are six different types of Rabindra Sangeet i.e., worship, love, nature, diverse, patriotism and celebrations. Tagore's songs have significance for all ages, moods and every possible emotion.

Last year, when India, Bangladesh and the United Kingdom joined hands to honour this legendary poet as one of the greatest poets of the Commonwealth at the mother of parliaments the House of Commons in London, it became a proud moment for all of us. He remains an integral part of all those who love music, like me, and will continue to get mesmerised by each and every song of his.

So the next time you see thick clouds blanketing the sky and hear the roaring thunder, put on some 'rain-themed Rabindra Sangeet' on your music system and wait for the magic to work on you as well. You are surely going to enjoy the tides of emotions in sync with the music that will keep you asking for more.



## RABINDRANATH TAGORE REMAINS AN INTEGRAL PART OF ALL THOSE WHO LOVE MUSIC

### সঙ্গীতে বর্ষা বন্দনা

আমার সবচেয়ে পছন্দের গানটা শেয়ার করা যাক। গানটা হলো 'এসো শ্যামল সুন্দর'। রাগ দেশ-এর ওপর ভিত্তি করে রচিত এটি। বাংলার সবুজ মাঠেঘাটে বর্ষাকে উদাত আহ্বান জানানো হয়েছে এ গানে। বর্ষার কোনও এক দিন গানটি শোনার চেষ্টা করুন। আমার বিশ্বাস, বাইরে ছুটে গিয়ে বৃষ্টিতে ভেজার লোভ আপনি কিছুতেই সামলাতে পারবেন না! আর গানের শব্দগুলো যদি নাও বুঝে থাকেন, তাও এটা আপনার হৃদয়কে উৎফুল্ল করবে।

কমনওয়েলথ-এর অন্যতম সেরা কবি হিসেবে গত বছর লন্ডনের মাদার অব পার্লামেন্ট খ্যাত হাউস অব কমনসে যখন ভারত, বাংলাদেশ ও যুক্তরাজ্য যৌথভাবে রবীন্দ্রনাথ ঠাকুরকে সম্মানিত করার আয়োজন করেছিল, ওটা তখন আমাদের সবার জন্য গর্বে মেতে ওঠার একটা মুহূর্তই ছিল বৈকি। আমার মতো যারা গান ভালোবাসেন, তাদের জীবনে তিনি এখন এক অবিচ্ছেদ্য অংশ। আরও বহুকাল তিনি তার গানের ডালি দিয়ে আমাদের শিহরিত করে চলবেন।

এরপর থেকে যখন আকাশের এক কোণে কালো মেঘের ঘনঘটা দেখবেন কিংবা শুনে পাবেন মুহূর্তে বজ্রপাতের শব্দ, আপনার মিউজিক সিস্টেমে শুনে বর্ষা নিয়ে গাওয়া কয়েকটি রবীন্দ্রসঙ্গীত। অপেক্ষা করুন, আপনার ওপরও ভর করবে এর জাদুমন্ত্র! উপভোগ তো করবেনই, আর আবেগের জোয়ারে ভেসে আপনার ভেতরটা যে আরও চাই বলবে, তাতে সন্দেহ নেই।



www.subcontinentalmedia.com



did  
YOU  
KNOW



**87%** believe it's relevant to them as a reader

**90%** find custom magazines to be a good source of information

**75%** readers leave their copy for others to read

**82%** enjoy their reading experience and recommend further

Statistics from McNair Ingenuity Research Pty in association with Publishers Australia, research into custom publishing, 2011.

For more details, please email at [publishing@subcontinentalmedia.com](mailto:publishing@subcontinentalmedia.com)

Custom  
Publishing  
**Content.**  
**Ads. Print.**  
**Circulation.**

Subcontinental Media Private Limited  
Registered Address: Suite 314, Crystal Palace, 3rd Floor, House # SE (D) , Road No # 140,  
Gulshan South Avenue, Gulshan-1, Dhaka -1212, Bangladesh  
Tel: +880 9611888621, Direct: +880 9611888622, Fax: +880 9611688203

Subcontinental Media Group Private Limited  
Registered Address: B28, Second Floor, Kailash Colony, Zamrudpur,  
New Delhi -110048, India, Tel: +91 11 41052288, CIN No: U22219DL2011PTC223957

# Rivers of the world

Experience Asia's first and only river-themed  
wildlife park with rare and endangered  
animals from iconic river habitats

এশিয়ার প্রথম নদীর থিম-নির্ভর বন্যপ্রাণীর পার্কে  
দুর্লভ ও বিলুপ্তপ্রায় প্রাণীদের আবাসন আছে যার  
অভিজ্ঞতা দৃষ্টিনন্দন

## বিশ্বের যত নদী

By: Sapna Sahay





Images: Wildlife Reserves Singapore



**W**ildlife Reserves Singapore is a unique concept. Not only from the point of view to delight travellers but also for conserving some of the rarest species of plants and animals. Apart from that aspect what makes it a wonderful experience is its river-themed proposition. Exploring the park is in itself an experience to remember as everything gets encrypted in your head while walking through it. Interestingly, about 85 per cent of the park's animal collection is designed to be viewed on foot while the other 15 per cent on boat. The passing-by freshwater galleries, walk-through exhibits and being aboard a boat give such a delight that is incomparable to other experiences that you might have had.

### River safari

With a total area of 12 hectare, River Safari encompasses a massive volume of water, i.e., 34,000 m<sup>3</sup>, consisting of 69 exhibits, 400 plant species, 200 animal species including 40 threatened species and over 6,000 (aquatic and terrestrial) animal specimens. The park is divided into iconic river zones showcasing aquatic and terrestrial animals from each zone.

River Safari has become the most talked-about dimension of the Wildlife Reserve Singapore. It is Asia's first and only river-themed wildlife

**ও**য়াইল্ডলাইফ রিজার্ভস সিঙ্গাপুর এক কথায় অনন্য একটি ধারণা। আর শুধু যে পর্যটনের মুগ্ধতা থেকেই এমনটা বলা হয় তা নয়; বিশ্বের দুর্লভতম কিছু গাছপালা ও প্রাণীকে টিকিয়ে রাখার জন্যেও এটি অনবদ্য। এর বাইরে যে বিষয়টা একে দারুণ এক অভিজ্ঞতার জায়গা করে তুলেছে তা হলো এর নদীর থিম-নির্ভর যাবতীয় আয়োজন। পার্কের ভেতর দিয়ে যখন হেঁটে যেতে থাকবেন ততই যেন এর সকল কিছু আপনার মাথায় গেঁথে যেতে শুরু করবে। মজার বিষয় হলো, এখানকার প্রাণীগুলোকে এমন জায়গায় রাখা হয়েছে যাতে ৮-৫ শতাব্দীকেই দেখা যায় স্থলে, আর বাকি ১৫ শতাব্দীকে দেখা যাবে জলের ওপর নৌকায় চড়ার সময়। হাঁটার পথে পড়বে স্বাদুপানির বাসিন্দাদের নিয়ে তৈরি গ্যালারি আর পানিতে নৌকায় চড়ার সময় যে অভিজ্ঞতাটা মিলবে, তা আর কোথাও মিলবে না।

### রিভার সাফারি

সব মিলিয়ে জায়গা আছে মোট ১২ হেক্টর। এই জায়গায় থাকা রিভার সাফারিতে আছে ৩৪ হাজার ঘনমিটার পানি, ৬৯টি প্রদর্শনী কেন্দ্র, উদ্ভিদের ৪০০ প্রজাতি, ২০০ রকম প্রাণী-যার মধ্যে ৪০টি প্রজাতি বিলুপ্তপ্রায় এবং রয়েছে ৬,০০০ প্রাণীর নমুনা (জল ও স্থলচর)। পার্কটি দুটি নান্দনিক ভাগে বিভক্ত-দৃষ্টিনন্দন নদী অঞ্চল, যাতে জলচরদের প্রদর্শনের জন্য রাখা হয়েছে এবং আছে স্থলচরদের আবাস।

অবশ্য ওয়াইল্ডলাইফ রিজার্ভ সিঙ্গাপুরের সবচেয়ে বেশি আলোচিত অংশটি হলো রিভার সাফারি। এশিয়ার মধ্যে এটাই প্রথম নদীর থিম-নির্ভর বন্যপ্রাণীর পার্ক, যেখানে দুর্লভ ও বিলুপ্তপ্রায় প্রাণীদের আবাসন তৈরি হয়েছে দৃষ্টিনন্দন নদীবেষ্টিত পরিবেশেই। আকর্ষণীয় দিকগুলো হলো- মিসিসিপি নদী, কঙ্গো নদী, নীল নদ, গঙ্গা নদী, মুরে নদী, মেকং নদী এবং ইয়াংজি নদীর কোল ঘেঁষে অতিকায় পান্ডা বন। এর বাইরে রয়েছে ওয়াইল্ড আমাজোনিয়া। যাতে



**ESSENCE**  
Spread across 12 hectare, it holds 34,000 m<sup>3</sup> of water, with 69 exhibits, 400 plant species, 200 animal species including 40 threatened species



FRESHWATER GALLERIES, WALK-THROUGH EXHIBITS AND BOAT RIDES ARE INCOMPARABLE EXPERIENCES



Biman connects Dhaka-Singapore with six weekly flights ([www.biman-airlines.com](http://www.biman-airlines.com))



park home to rare and endangered animals from iconic river habitats. The highlights are - Mississippi River, Congo River, River Nile, Ganges River, Murray River, Mekong River and Yangtze River featuring Giant Panda Forest. Further, the section of Wild Amazonia consists of Amazon River Quest, Squirrel Monkey Forest and Amazon Flooded Forest.

Some unique aquatic and terrestrial animals have been featured in the park. They are endangered river giants such as the giant salamander, giant freshwater stingray and Mekong giant catfish. River Safari is the only park in Asia to feature the giant river otter, the world's largest otter that can grow up to 1.8 m in length and 34 kg in weight.

### Close to nature

River Safari has been able to bring visitors close to nature in a vibrant way. It is not seldom that we can catch a glimpse of intriguing wildlife of river habitats. Since these are disappearing faster than forest and marine environments, it has become a critical subject and thankfully, Wildlife Reserve Singapore has successfully achieved to pass on an ecological message through its river concept. The freshwater ecosystems are important and roaming around



## IT HAS SUCCESSFULLY ACHIEVED TO PASS ON AN ECOLOGICAL MESSAGE THROUGH ITS RIVER CONCEPT

রয়েছে-আমাজন রিভার কোয়েস্ট, স্কুইরেল মাংকি ফরেস্ট ও আমাজন ফ্লাডেড ফরেস্ট।

বিশেষ কিছু জলচর ও স্থলচর প্রাণী পার্কে রাখা হয়েছে। এর মধ্যে রয়েছে নদীর অনেক বিশালদেহী বাসিন্দা, যেমন- অতিকায় স্যালামান্ডার (গিরিগিটি জাতীয় উভচর), অতিকায় স্বাদুপানির স্টিংরে এবং বিশালাকার মেকং ক্যাটফিশ। এশিয়ার মধ্যে একমাত্র এই রিভার সাফারিতেই দেখা যাবে অতিকায় নদীর ভৌদড়। আর এটাই বিশ্বের সবচেয়ে বড় জাতের ভৌদড়, যার দৈর্ঘ্য ১ দশমিক ৮ মিটার পর্যন্ত হতে পারে, আর ওজন হয় ৩৪ কেজি।

### প্রকৃতির কোল ঘেঁষে

দর্শনাধীদের প্রকৃতির খুব কাছাকাছি নিয়ে আসার জন্য রিভার সাফারির আছে বর্ণিল সব আয়োজন। নদীতীরে বন্যপ্রাণীর আবাসস্থল রয়েছে এমন দৃশ্যের ছটা কিন্তু আমরা প্রায়ই দেখি না। বাস্তব হলো এমন যে, বনজঙ্গল কিংবা সামুদ্রিক বাস্তুসংস্থানের চাইতেও এটা দ্রুত গতিতে হারিয়ে যাচ্ছে। ক্রমেই এ বিষয়টা হয়ে যাচ্ছে জটিল থেকে জটিলতর। তাই নদীর ধারণার মাধ্যমে সবার কাছে এই পরিবেশগত বার্তা সফলভাবে পৌঁছে দেওয়ার জন্য ওয়াইল্ডলাইফ রিজার্ভ সিঙ্গাপুর অবশ্যই ধন্যবাদ প্রাপ্য। এই

### QUICK TAKES

#### Varied inhabitants

- They are endangered river giants such as the giant salamander, giant freshwater stingray and Mekong giant catfish
- River Safari is the only park in Asia to feature the giant river otter, the world's largest otter that can grow up to 1.8 m in length and 34 kg in weight



## WILDLIFE RESERVES SINGAPORE PLAYS A PART IN GLOBAL CAPTIVE BREEDING PROGRAMME FOR ENDANGERED FRESHWATER SPECIES

this park promotes that fact. In addition, it also seeks to play a part in global captive breeding programmes for endangered freshwater species.

The way this safari has been designed and developed is commendable, keeping in mind the sensitive subject of ecology. Here you would come across the sights and sounds of each river zone. It has been replicated aptly from exhibit design to the represented animal collection. The entire experience is all about knowing the cultures and wildlife of each zones, which is quite an achievement.

This park is situated in the Mandai Nature Reserve area. Also, the best in zoological architecture and design can be seen exhibiting artistry and technology to provide a mix of experience with world rivers and landscapes that they support. It is a must visit place.

পার্কের সদর্পে ছড়িয়ে থাকা স্বাদু পানির বাস্তুসংস্থানগুলো যেন এই বিষয়টাকেই প্রচার করেছে। এর বাইরে সারা বিশ্বে স্বাদুপ্রাণীর বাসিন্দাদের জন্য যেসকল আবদ্ধ ব্রিডিং প্রকল্প চালু আছে, সেখানেও বড় একটা ভূমিকা রাখার দাবি রাখে এই পার্কটি।

যে পদ্ধতি অনুসরণ করে এই সাফারি পার্কটির নকশা তৈরি ও নির্মাণ করা হয়েছে তা সত্যিই প্রশংসার দাবিদার। এখানে বাস্তুসংস্থানের অত্যন্ত স্পর্শকাতর বিষয়গুলোকেও বিবেচনা করা হয়েছে। এখানে এলে আপনি প্রতিটি নদীরই আলাদা আলাদা দৃশ্য ও শব্দ উপলব্ধি করতে পারবেন। প্রতিনিধিত্বকারী প্রাণীর সংগ্রহশালার অনুসরণ করেই এখানে দক্ষ হাতে প্রতিক্রম তৈরি করা হয়েছে। আর পুরো অভিজ্ঞতাটাই আসলে ওই সকল অঞ্চলের সংস্কৃতি ও বন্যপ্রাণী সম্পর্কে জানার জন্য। আর এটা কিন্তু কম পাওয়া নয়!

মানদায় নেচার রিজার্ভ এলাকায় এ পার্কের অবস্থান। পর্যবেক্ষণ করুন বুদ্ধিমত্তার সঙ্গে। এখানে চিড়িয়াখানার সবচেয়ে উন্নত স্থাপত্যকলাগুলো উপভোগ করা যাবে শৈলী আর প্রযুক্তির উৎকর্ষের মেলবন্ধনকে সাথে নিয়ে, যেখানে বিশ্বের নানা প্রান্তের নদী ও ভূদৃশ্যের এক মিশ্র অনুভূতির চাদর বিছানো রয়েছে। নিঃসন্দেহে এটি একটি অবশ্য-দর্শনীয় স্থান। 🚫

*This park is situated in the Mandai Nature Reserve area. Also, the best in zoological architecture and design can be seen exhibiting artistry and technology to provide a mix of experience with world rivers and landscapes that they support*



[www.subcontinentalmedia.com](http://www.subcontinentalmedia.com)



**We Make  
Awesome Apps**  
*Strategy.  
Design.  
Development.  
Testing.*

For more details, please email at  
[digital@subcontinentalmedia.com](mailto:digital@subcontinentalmedia.com)



---

Subcontinental Media Private Limited

Registered Address: Suite 314, Crystal Palace, 3rd Floor, House # SE (D) , Road No # 140,  
Gulshan South Avenue, Gulshan-1, Dhaka -1212, Bangladesh  
Tel: +880 9611888621, Direct: +880 9611888622, Fax: +880 9611688203

---

Subcontinental Media Group Private Limited

Registered Address: B28, Second Floor, Kailash Colony, Zamrudpur,  
New Delhi -110048, India, Tel: +91 11 41052288, CIN No: U22219DL2011PTC223957

A perfect

Rome Cavalieri, Waldorf Astoria Hotels & Resorts is a great place to stay where you get to admire artistic expressions

রোম ক্যাভালিয়ারি,  
ওয়ালডর্ফ অ্যাস্টোরিয়া  
হোটেলস অ্যান্ড রিসোর্টস;  
শিল্পকলার তারিফ করতে  
চাইলে আপনাকে এ  
জায়গায় থাকতেই হবে

# Roman stay

## রোমান অনুভূতি

By: Sapna Sahay



### ESSENCE

The hotel will give your creative senses a new lease of life. If you are not staying here, then ensure you explore this hotel and its hospitality





If you are in Rome, you just cannot miss Rome Cavalieri, Waldorf Astoria Hotels & Resorts from your travel itinerary. If you are staying here it will give your creative senses a new lease of life. If you are not, then ensure you explore this hotel and its hospitality in some way or the other. It would not be wrong to say that it has captured art as an element of enjoyment for the guests. According to the hotel, the collection consists of old master paintings, French furniture (Louis XV and First Empire), rare tapestries, sculptures, clocks, bronze statues and other artefacts. It is said that these pieces of art have been purchased at Christies and Sotheby's in the course of many years by the owners who are renowned art connoisseurs and collectors.



## A WIDE SELECTION OF PAINTINGS THAT REPRESENT MOST OF THE MAJOR SCHOOLS OF 17<sup>th</sup> AND 18<sup>th</sup> CENTURIES ADD TO THE HOTEL'S GRANDEUR

Among the vast collection of art, some are worth mentioning. For example, the painting of Giuseppe Zais (Venice 1709–1784), which is one of the greatest painters of Venetian landscapes of the 18<sup>th</sup> century. Some of his paintings can be found at London's National Gallery and in museums of Berlin, Madrid and Venice. The unique series of four paintings at the Rome Cavalieri is considered as his masterpiece. The paintings have been placed over the Reception and Concierge desks. Similarly, many works by Giuseppe Bazzani and Joseph Heintz can be seen here. The hotel has a wide selection of paintings representing most of the major schools of the 17<sup>th</sup> and 18<sup>th</sup> centuries. Some prominent artists are Henri Vollet, Molteni, Morlotti, Rinaldi, etc. It also has a small collection of Italian modern art. While roaming around the hotel the sculptures will surprise you. A number of bronze and marble sculptures can be seen in the public areas. Additionally, over 20 rare

আপনি যদি রোমে গিয়ে থাকেন, তবে ভ্রমণ তালিকায় যাকে কিছুতেই বাদ দিতে পারবেন না তা হলো- রোম ক্যাভালিয়ারি, ওয়ালডর্ফ অ্যাস্টোরিয়া হোটেলস অ্যান্ড রিসোর্টস। এখানে কিছু দিন থাকলেই জায়গাটা আপনাকে আপনার সৃজনশীল অনুভূতিকে পাইয়ে দেবে এক নতুন জীবনের ইজারা। আর যদি থাকার সিদ্ধান্ত না নিয়ে থাকেন, তবে কোনও না কোনও ভাবে হোটেলটাকে ঘুরে দেখার বিষয়টা নিশ্চিত করুন, আর এর যত্ন, আতিশয়োক্তি উপভোগ করুন। এমনটা বলা ভুল হবে না যে, এই হোটেলটি তাদের অতিথিদের পুরোমাত্রায় বিনোদিত করার মাধ্যম হিসেবে শিল্পকেই বেছে নিয়েছে। হোটেলটির মতে, এখানকার সংগ্রহশালায় রয়েছে পুরনো মাস্টার পেইন্টিং, ফরাসি আসবাবপত্র (লুই পঞ্চদশ ও ঊন্থম সাম্রাজ্যের), দুর্লভ ট্যাপেস্ট্রি, ভাস্কর্য, ঘড়ি, বোঁজ ও অন্যান্য মূল্যবান হস্তশিল্প সামগ্রী। বলা হয়ে থাকে যে এ হোটেলটির মালিকরাই, যারা কিনা নিজেরা বেশ শিল্প সম্বাদার ও সংগ্রাহক; তারাই বেশ কয়েক বছর

According to the hotel, the art collection consists of old master paintings, French furniture (Louis XV and First Empire), rare tapestries, sculptures, clocks, bronze statues and other artefacts.



tapestries ranging from Flemish 16<sup>th</sup> century to masterpieces from the Royal Works of Auburn and Gobelins, 18<sup>th</sup> century, can also be seen here.

### Artistic amenities

The hotel has different kinds of rooms to offer ranging from Deluxe Room Rome View, Executive Room, Lobby Terrace, Penthouse Bedroom and Penthouse Suite. Apart from that you can also enjoy a wide dining experience. It is difficult to not be affected by the elegance of the hotel even when

ধরে ক্রিস্টিজ ও সোদবিজের নিলাম থেকে এসব দুর্লভ শিল্প সামগ্রী কিনেছেন।

বিপুল এ শিল্প সংগ্রহশালার মধ্যে কিছু কিছু নাম না বললেই নয়। যেমন- জিউসিপিঞ্জি জাইসের আঁকা ছবি (ভেসিন ১৭০৯ - ১৭৮৪)। ১৮ শতকে যিনি ছিলেন ভেনেসিয়ান ল্যান্ডস্কেপের এক অনন্য সাধারণ চিত্রশিল্পী। তার অনেক ছবি বার্লিন, মাদ্রিদ ও ভেনিসের জাদুঘর এবং লন্ডনের ন্যাশনাল গ্যালারিতেও দেখতে পাওয়া যাবে। রোম ক্যাভালিয়ারিতে থাকা চারটি ছবির একটি সিরিজকে তার একটি মাস্টারপিস হিসেবে বিবেচনা করা হয়। ছবিটি হোটেলের অভ্যর্থনা ও নিরাপত্তা ডেস্কের পাশের রাখা হয়েছে। এটার মতো জিউসিপিঞ্জি বাজ্জানি ও জোসেফ হাইন্টজের মতো শিল্পীর শিল্পকর্মও এখানটায় দেখা যাবে। এ ছাড়া সপ্তদশ ও অষ্টাদশ শতকের আর্ট স্কুলগুলোকে প্রতিনিধিত্ব করে এমন অনেকগুলো ছবি রাখা আছে হোটেলজুড়ে। এদের মধ্যে নামকরা শিল্পীরা হলেন, হেনরি ভোলেট, মলভেনি, মরলোন্ডি, রিনালদি প্রমুখ। ইতালির আধুনিক শিল্পেরও একটি ছোট সংগ্রহ রয়েছে এখানে। হোটেল প্রাঙ্গণে ঘুরে বেড়ানোর সময় ভাস্কর্যগুলো আপনাকে বিস্মিত করবেই। উন্মুক্ত জায়গায় দেখা যাবে অল্পকিছু বোঞ্জ ও মার্বেলের ভাস্কর্য। এর বাইরে আছে ২০টি দুর্লভ ট্যাপেস্ট্রি, যাতে রয়েছে ষোড়শ শতকের ফ্রেমিশ থেকে শুরু করে রয়্যাল ওয়ার্কস অব অবান অ্যান্ড



**SOME OF THE ART PIECES  
HAVE BEEN PURCHASED AT  
CHRISTIES AND SOTHEBY'S IN  
THE COURSE OF MANY YEARS  
BY THE OWNERS**

*Over 20 rare  
tapestries from  
Flemish 16<sup>th</sup> century  
to masterpieces  
from Royal Works  
of Auburn and  
Gobelins, 18<sup>th</sup>  
century, can be  
seen at Rome  
Cavalieri, Waldorf  
Astoria Hotels  
& Resorts*





you might not be concentrating wholly on the artefacts and usual things around. Top French (Louis XV and First Empire) furniture collection is amazing. Take a peek at the suites and public areas and you will find them aptly decorated with cabinets, bureaux-plats, commodes, guéridons, consoles, clocks and appliques to go by the theme of the hotel. Some of these pieces are signed by the great artisans of those periods; Jacobbe, Boule and Thomyr. It is said that nearly all of these pieces have a history and can be traced to



IT IS DIFFICULT TO NOT BE AFFECTED BY THE ELEGANCE OF THE HOTEL EVEN WHEN YOU ARE NOT FOCUSING ON THE SURROUNDINGS

গোবেলিন্স-এর কিছু মাস্টারপিস। ১৮ শতককের ছটাও দেখা যাবে এখানটায়।

### শৈল্পিক আরাম আয়েশ

হোটেলটিতে নানা ধরনের রুম রয়েছে। ডিলাক্স রুম রোম ভিউ থেকে শুরু করে পাওয়া যাবে এক্সিকিউটিভ রুম, লবি টেরেস, পেন্টহাউস বেডরুম ও পেন্টহাউস স্যুট। এর বাইরে আপনি উপভোগ করতে পারবেন এর বিস্মৃত পরিসরের খাবার। পুরনো শিল্পসামগ্রী কিংবা আশপাশের সাধারণ দৃশ্যগোচর উপাদানগুলোর ঋতি পরিপূর্ণ মনযোগী না হলেও হোটেলটির চাকচিক্য ও আভিজাত্য আপনার হৃদয় ছুঁয়ে যাবেই। দারণ সব ফরাসি আপবাবপত্রের (লুই পঞ্চদশ ও প্রথম সাম্রাজ্য) সংগ্রহটা এক কথায় অসাধারণ! স্যুট ও উন্মুক্ত জায়গাগুলো ঘুরে দেখুন। ঋতিটি জায়গা দেখা যাবে কেবিনেট, ব্যুরো-প্ল, গাট, কমোডোস, গরিডোঁস, কনসোল, ঘড়ি ও অ্যাপলিকের ছিমছাম সাজসজ্জায় সজ্জিত। আর এর সবই হোটেলটির থিম অনুযায়ী সাজানো। পুরনো এই নিদর্শনের অনেকগুলোতেই রয়েছে সেই সময়কার বাসিন্দাদের স্বাক্ষর। যার মধ্যে রয়েছেন-জ্যাকব, বুলে ও থমায়ার। বলা হয়ে থাকে, এখানকার ঋয় সবকিছুই একটা করে ইতিহাস রয়েছে



QUICK TAKES

### Exquisite Art

- The art collection ranges from old master paintings, French furniture, rare taperstries, sculptures, statues, clocks and other artefacts
- Many works by Guiseppe Bazzani and Joseph Heintz are on display
- Some of the art pieces are even signed by great artisans of those periods - Jacobbe, Boule and Thomyr
- Guiseppe Zais' paintings are also available

Royal Palaces or were owned by famous historical figures, e.g., the crib of Napoleon's son the 'King of Rome'.

### Cinematic tour

Inspired by Paolo Sorrentino's 2014 Oscar and BAFTA winning movie, 'La Grande Bellezza', Rome Cavalieri, Waldorf Astoria Hotels & Resorts has created a brand new cinematic tour: 'The Great Beauty'. It allows one to explore picturesque Roman areas featured in the film and a handful of secret hidden locations. So if you are heading for Rome, it is wise to stay in this luxurious hotel and witness the cultural excursion that will take you on a visual journey of some of Rome's most beautiful sights.

*Inspired by Paolo Sorrentino's 2014 Oscar and BAFTA winning movie, 'La Grande Bellezza', Rome Cavalieri, Waldorf Astoria Hotels & Resorts has created a brand new cinematic tour: 'The Great Beauty'. It allows one to explore picturesque Roman areas featured in the film.*

